আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

হে আমাদের পালনকর্তা! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্যলংঘনে প্রবৃত্ত করোনা এবং তোমার নিকট থেকে আমাদিগকে অনুগ্রহ দান কর। তুমিই সব কিছুর দাতা

সূরা আল ইমরান- ৮

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ০১ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৩ শাবান ১৪৪৭ ॥ ১৮ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

বিএনপি ছাড়া দেশকে সঠিকভাবে পরিচালনা করার অভিজ্ঞতা কোনো দলের নেই

কীর্তনখোলা ডেস্ক

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, মানুষ এখন জানতে চায়, বাংলাদেশের মানুষ এখন দেখতে চায় যে কোন ২ এর পাতায় দেখুন



আমরা কোনো দুর্নীতিগ্রস্ত সরকার দেখতে চাই না

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আমরা কোনো আধিপত্যবাদ মানব না। আমরা আর কোনো ২ এর পাতায় দেখুন

নির্বাচনকে ঘিরে পার্শ্ববর্তী দেশ ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে : নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, পার্শ্ববর্তী দেশ নির্বাচনকে ঘিরে নানান ষড়যন্ত্রে ২ এর পাতায় দেখুন

নির্বাচনে আসছেন ৩৩০ আন্তর্জাতিক পর্যবেক্ষক

কীর্তনখোলা ডেস্ক

আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও জুলাই জাতীয় সনদ (ন্যাশনাল চার্টার) বিষয়ে ২ এর পাতায় দেখুন

পরপর ৩ দিনে ৩ নেতা আসবেন, সরগরম বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বরিশালে ৩ নেতার আগমনে রাজনীতির মাঠ সরগরম হয়ে উঠেছে। ৪ ফেব্রুয়ারি বিএনপির চেয়ারম্যান তারেক রহমান, ৫ ফেব্রুয়ারি ইসলামী আন্দোলনের আমির চরমোনাই পীর সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম এবং ৬ ফেব্রুয়ারি জামায়াতের আমির শফিকুর রহমান নির্বাচনী জনসভায় আসবেন। তিন দলের প্রধানের আগমন ঘিরে বরিশালে এখন সংশ্লিষ্ট নেতা-কর্মীদের ব্যস্ত সময় কাটছে। তবে এ নিয়ে তিন দলের নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। দলীয় সূত্রগুলো বলেছে, ৪ ফেব্রুয়ারি বরিশালের ঐতিহ্যবাহী বেলস পার্ক মাঠে বিভাগীয় জনসভায় বক্তব্য রাখবেন তারেক রহমান। জামায়াত আমির ৬ ফেব্রুয়ারি বরিশাল-৪ (হিজলা-মেহেন্দীগঞ্জ) আসনে নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন। আর ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ৫ ফেব্রুয়ারি বরিশাল নগরের হেমায়েত উদ্দিন ঈদগা ময়দানে জনসভা করবেন। আর আগে সবশেষ তিনি ২০০৬ সালে বরিশালে এসেছিলেন তারেক রহমান। বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক (বরিশাল বিভাগ) বিলকিস জাহান শিরীন বলেন, দলীয় চেয়ারম্যান ৪ ফেব্রুয়ারি দুপুর সাড়ে ১২টায় বরিশালে আসবেন। বেলস পার্কে তিনি নির্বাচনী জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। 'বিমানে নেতা আসবেন। আমরা তাকে বরণে প্রস্তুত রয়েছি।' জামায়াত ইসলামী বরিশাল মহানগর আমির অধ্যক্ষ জহির উদ্দিন মুহাম্মদ বাবর বলেন, ডা. শফিকুর রহমান ৬ ফেব্রুয়ারি সকাল ৯টার পর মেহেন্দীগঞ্জের আরসি কলেজ মাঠে বক্তব্য রাখবেন। তিনি হেলিকপ্টারে সেখানে আসবেন। তাঁর নির্বাচনী জনসভায় ৩ লক্ষাধিক মানুষের সমাগম হতে পারে। একই দিনে আরো দুইটি জনসভায় অংশ নিবেন। সফর নিয়েও ব্যাপক প্রস্তুতি নিয়েছে ২ এর পাতায় দেখুন

ইসি সানাউল্লাহ
দেশের স্থিতিশীলতা রক্ষায় এবারের নির্বাচন গুরুত্বপূর্ণ

ঝালকাঠি প্রতিনিধি

দেশের ভাবমূর্তি ও স্থিতিশীলতা রক্ষায় আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনার (ইসি) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। শনিবার (৩১ জানুয়ারি) বিকেলে ঝালকাঠির জেলা প্রশাসক কার্যালয়ে এক সভায় তিনি এমন মন্তব্য করেন। এদিন জেলা প্রশাসনের আয়োজনে আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল এবং ভিজিল্যান্স ও অবজারভেশন টিমের সঙ্গে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এসময় মো. সানাউল্লাহ বলেন, একটি স্বচ্ছ, সুষ্ঠু, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনের লক্ষ্যে নির্বাচন কমিশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নিজেদের পেশাদারিত্ব প্রমাণের আহ্বান নির্বাচনের পরিবেশ সুষ্ঠু রাখতে ২ এর পাতায় দেখুন

ভয়াবহ আর্থিক সংকটের মুখোমুখি জাতিসংঘ

কীর্তনখোলা ডেস্ক

জাতিসংঘ (ইউএন) ভয়াবহ আর্থিক সংকটের মুখোমুখি। পরিস্থিতি অপরিবর্তিত থাকলে খুব শিগগিরই সংস্থাটি আর্থিকভাবে ভেঙে পড়তে পারে বলে সতর্কবার্তা দিয়েছেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। ১৯৩টি সদস্য রাষ্ট্রের উদ্দেশে লেখা এক চিঠিতে এমনটাই জানিয়েছেন তিনি। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানিয়েছে। চিঠিতে গুতেরেস বলেছেন, অনেক দেশ নির্ধারিত চাঁদা পরিশোধ ২ এর পাতায় দেখুন

ইসিতে অনলাইনে কার্ড আবেদন
১৪ হাজার সাংবাদিকের তথ্য ফাঁস!

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে সাংবাদিক ও পর্যবেক্ষকদের কার্ড দেওয়ার নিয়মে বড় পরিবর্তন এনেছিল নির্বাচন কমিশন (ইসি)। এবারই প্রথম সাংবাদিকদের কার্ড ও গাড়ির স্টিকার পেতে অনলাইনে আবেদন বাধ্যতামূলক করা হয়েছিল। তবে সাংবাদিকদের তোপের মুখে এই সিদ্ধান্ত থেকে গত বৃহস্পতিবার সরে এসেছে নাসির ২ এর পাতায় দেখুন

শহিদ সাংবাদিকের বাবাকে মারধরের অভিযোগ বিএনপি নেতাকর্মীর বিরুদ্ধে

বাউফল প্রতিনিধি

জুলাই অভ্যুত্থানে নিহত সাংবাদিক হাসান মেহেদীর বাবা মোশারেফ হোসেনকে মারধরের অভিযোগ উঠেছে পটুয়াখালীর বাউফল উপজেলার ধুলিয়া ইউনিয়ন বিএনপির নেতাকর্মীদের বিরুদ্ধে। এই ঘটনায় ভুক্তভোগী মোশারেফ হোসেন বাউফল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। বর্তমানে তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। শুক্রবার (৩০ জানুয়ারি) বাউফল উপজেলার ধুলিয়া ইউনিয়নের হোসনাবাদ গ্রামে ভুক্তভোগীর বাড়ির ২ এর পাতায় দেখুন

পিরোজপুরে একই মঞ্চে প্রার্থীদের সম্প্রীতির শপথ

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর জেলায় আজ আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পিরোজপুর-১ আসনের প্রার্থীরা সম্প্রীতির শপথ করেছেন। আজ বেলা ১২ টায় শহরের টাউন ক্লাব চত্বরের স্বাধীনতা মঞ্চে সুশাসনের জন্য নাগরিক (সুজন) -এর পিরোজপুর জেলা শাখা এ অনুষ্ঠানের আয়োজন করে। 'একটি রাষ্ট্রে নাগরিকের চেয়ে গুরুত্বপূর্ণ কোনো পদ নেই' শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে এ অনুষ্ঠানে প্রার্থীদের নিয়ে মুখোমুখি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয়তাবাদী দল- বিএনপি মনোনীত প্রার্থী অধ্যক্ষ আলমগীর হোসেন এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী মাসুদ সাঈদী অংশ নেন । এবারের নির্বাচনে পিরোজপুর- ১ আসনে এ দু'জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। অনুষ্ঠানে দুই প্রার্থী তাদের রাজনৈতিক অবস্থান ২ এর পাতায় দেখুন

শায়েস্তাবাদ ইউনিয়নে ধানের শীষের প্রার্থী অ্যাড. মজিবর রহমান সরোয়ারকে ফুলেল শুভেচ্ছা জানান নেতৃবৃন্দ। এসময় উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মোহাম্মদ রহমাতুল্লাহ -কীর্তনখোলা

নির্বাচনি প্রচারণায় বিএনপি ও জামায়াতের সংঘর্ষ, আহত ১৪

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিনে নির্বাচনি প্রচারণাকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন। শনিবার (৩১ জানুয়ারি) সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার টবগী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের মুলাইপত্তন গ্রামের চৌকিদার বাড়িতে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, সকাল থেকে ভোলা-২ আসনের জামায়াত মনোনীত প্রার্থী মাওলানা ফজলুল করিমের পক্ষে প্রচারণা চালাচ্ছিলেন স্থানীয় নেতাকর্মীরা। টবগী ইউনিয়ন জামায়াতের আমির মাওলানা আব্দুল হালিমের নেতৃত্বে একটি দল মুলাইপত্তন গ্রামের চৌকিদার বাড়িতে ভোট চাইতে গেলে সেখানে উপস্থিত ইউনিয়ন শ্রমিক দলের নেতা মো. ইউসুফ ও তার ভাই বিএনপি নেতা আইয়ুবের সঙ্গে ২ এর পাতায় দেখুন

গৌরনদীতে ইঞ্জিনিয়ার সোবাহান সমর্থকদের হেনস্তা

কীর্তনখোলা রিপোর্ট

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ (আগৈলঝাড়া ও গৌরনদী) আসনের ফুটবল মার্কার স্বতন্ত্র প্রার্থী ইঞ্জিনিয়ার আবদুস সোবহানের প্রচারনার কাজে গিয়ে দুইজন নারী কর্মীকে হেনেস্তা ও একজন পুরুষ কর্মীকে মারধরের অভিযোগ পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে শনিবার (৩১ জানুয়ারি) সকালে গৌরনদী উপজেলার বার্থী ইউনিয়নের ধুরিয়াইল গ্রামে। ওইদিন বিকেলে ফুটবল মার্কার প্রার্থী ইঞ্জিনিয়ার আবদুস সোবহান অভিযোগ করে বলেন, প্রচারনা শুরুর পর থেকে প্রতিদ্বন্দ্বী ধানের শীষ মার্কার প্রার্থীর সমর্থকরা তার (ফুটবল) সমর্থকদের ওপর একের পর এক হুমকি ও হামলা চালিয়ে ২ এর পাতায় দেখুন

বরিশালে ২০ লাখ টাকার কারেন্ট জাল জব্দ

কীর্তনখোলা রিপোর্ট

জাটকা রক্ষা অভিযানের অংশ হিসেবে বরিশালের হিজলায় মেঘনা নদীর বিভিন্ন স্থানে দিনব্যাপী অভিযান চালিয়ে ৪ লাখ মিটার কারেন্ট জাল জব্দ করা হয়েছে। এ সময় কারেন্ট জাল ব্যবহারের দায়ে ৪ জেলেকে অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। শনিবার হিজলা উপজেলা মৎস্য অধিদপ্তর ও নৌ পুলিশ ফাঁড়ির সহযোগিতায় এ যৌথ অভিযান পরিচালনা করা হয়। বিকালে বিষয়টি নিশ্চিত করে হিজলা উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম বলেন, জাটকা নিধন প্রতিরোধে মেঘনা নদীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৪ লাখ মিটার কারেন্ট জাল জব্দ করা হয়েছে। জব্দ করা ২ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে নুরুল হক নুরকে কারণ দর্শানোর নোটিশ

কীর্তনখোলা রিপোর্ট

সংসদ নির্বাচনে পটুয়াখালী-৩ (দশমিনা-গলাচিপা) আসনে বিএনপি জোটের প্রার্থী নুরুল হক নুরের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি। বৃহস্পতিবার দশমিনা উপজেলা সহকারী রিটার্নি অফিসারের কাছে অ্যাডভোকেট এনামুল হকের দাখিল করা অভিযোগের ভিত্তিতে সংসদ নির্বাচনে নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটি (সিভিল জজ, বরিশাল) সাব্বির মো. খলিদ এ আদেশ জারি করেন। অভিযোগে বলা হয়, নির্বাচনি প্রচারের সময় নুরুল হক নুর সামাজিক যোগাযোগমাধ্যমে স্বতন্ত্র প্রার্থী হাসান মামুন সম্পর্কে মিথ্যা, ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক তথ্য প্রচার করেছেন, যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা ২০২৫-এর বিধি ১৫(ক) এবং ১৬(গ)(ছ) লঙ্ঘন করেছেন। এছাড়া অভিযোগে আরও উল্লেখ করা হয়, গত ২ এর পাতায় দেখুন

হিজলায় দেশীয় অস্ত্রসহ যুবদল নেতা আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের হিজলা উপজেলায় দেশীয় অস্ত্রসহ যুবদল নেতাকে আটক করেছে সেনাবাহিনী। সেনাবাহিনীর হিজলা ক্যাম্প শনিবার এক বিজ্ঞপ্তিতে জানায়, ভোররাত ৩টার দিকে মেজর কাজী জাহিদুল ইসলামের নেতৃত্বে ৬০ সদস্যর একটি দল চর কুশরিয়া গ্রামে অভিযান চালায়। এ সময় ১২টি দেশীয় ধারালো অস্ত্র, একটি চাইনিজ কুড়াল, তিনটি মোবাইল উদ্ধার করা হয়। আটক করা হয় যুবদল নেতা মোস্তফা সিকদারকে। পরে তাকে হিজলা থানায় হস্তান্তর করা হয়েছে। মোস্তফা সিকদার (৫০) উপজেলার চর কুশরিয়া গ্রামের বাসিন্দা মৃত আব্দুর রহমান সিকদারের ছেলে। তিনি হিজলা-গৌরব্দী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক। হিজলা থানার পরিদর্শক (তদন্ত) মো. আনিসুর রহমান বলেন, এ ঘটনায় পুলিশ মামলা করবে। মামলার প্রক্রিয়াধীন। সেনাবাহিনী সূত্রে জানা গেছে, ৭ পদাতিক ডিভিশনের অধীনস্থ একটি দল মাদক ও অবৈধ অস্ত্র উদ্ধারে নিয়মিত ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সম্মান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

অভ্যুত্থানকারী বীরদের সুরক্ষা

২৪-এর জুলাই বিপ্লব বাংলাদেশের ইতিহাসে এক অভূতপূর্ব ছাত্র-জনতার অভ্যুত্থান। দীর্ঘদিনের পুঞ্জীভূত ক্ষোভ আর বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে অসংখ্য সাধারণ মানুষ রাজপথে নেমেছিলেন। এই উত্তাল সময়ে সংঘটিত বিভিন্ন কর্মকাণ্ডকে আইনি সুরক্ষা দিতে অন্তর্বর্তী সরকার সম্প্রতি 'জুলাই গণ-অভ্যুত্থান (সুরক্ষা ও দায় নির্ধারণ) অধ্যাদেশ, ২০২৬' জারি করেছে। সরকারের এই সিদ্ধান্তটি মূলত অভ্যুত্থানকারী ছাত্র-জনতার রাজনৈতিক ও আইনি নিরাপত্তা নিশ্চিত করার একটি সময়োপযোগী প্রচেষ্টা। অধ্যাদেশের মূল নির্যাস হলো অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের বিরুদ্ধে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বা প্রতিহিংসামূলক কোনো দেওয়ানি ও ফৌজদারি মামলা চালানো যাবে না। এমনকি ভবিষ্যতে এমন কোনো মামলা দায়েরের পথও রুদ্ধ করা হয়েছে। বিপ্লব বা অভ্যুত্থান-পরবর্তী সময়ে অনেক ক্ষেত্রে দেখা যায়, পরাজিত শক্তি বা স্বার্থান্বেষী মহল আইনিব্যবস্থার অপব্যবহার করে বিজয়ীদের হয়রানি করার চেষ্টা করে। এই অধ্যাদেশটি সেই আশঙ্কার মুখে একটি শক্তিশালী আইনি ঢাল হিসেবে কাজ করবে। তবে এই অধ্যাদেশের সবচেয়ে ইতিবাচক ও ভারসাম্যপূর্ণ দিক হলো হত্যাকাণ্ডের মতো গুরুতর অভিযোগের ক্ষেত্রে বিচারিক পথ খোলা রাখা। এটি অত্যন্ত স্পষ্ট যে দায়মুক্তি মানেই স্বেচ্ছাচারিতার লাইসেন্স নয়। যদি কোনো হত্যাকাণ্ডের অভিযোগ ওঠে, তবে তা জাতীয় মানবাধিকার কমিশনের মাধ্যমে তদন্ত করা হবে। এটি ন্যায়বিচারের স্বার্থে একটি অত্যন্ত আধুনিক ও নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি। অধ্যাদেশটিতে রাজনৈতিক প্রতিরোধ এবং ব্যক্তিগত অপরাধমূলক অপব্যবহারের মধ্যে একটি সূক্ষ্ম সীমারেখা টানা হয়েছে। কমিশনের তদন্তে যদি দেখা যায় কোনো ঘটনা নিছক 'অপরাধমূলক অপব্যবহার', তবে তা নিয়মিত আদালতেই বিচার্য হবে। অন্যদিকে রাজনৈতিক প্রতিরোধের কারণে কেউ অভিযুক্ত হলে রাষ্ট্র তাকে ক্ষতিপূরণ দেবে। এই বিধানটি রাষ্ট্রের দায়িত্বশীলতারই বহিঃপ্রকাশ। তবে মানবাধিকার কমিশনের ওপর এই অতিরিক্ত দায়িত্ব তার সক্ষমতা, দক্ষতা ও স্বাধীনতা নিয়ে নতুন আলোচনার জন্ম দিতে পারে। প্রশ্ন উঠতে পারে, গণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের দায়মুক্তি কি স্থিতি ও পুনর্গঠনের পথ সুগম করবে, নাকি আইনের শাসনের ক্ষেত্রে নতুন বিতর্কের জন্ম দেবে? একটি রাষ্ট্র যখন বড় ধরনের রূপান্তরের মধ্য দিয়ে যায় তখন আইন ও শৃঙ্খলার প্রয়োগে কিছু বিশেষ ব্যবস্থার প্রয়োজন হয়। জুলাইয়ের যোদ্ধাদের আইনি সুরক্ষা দেওয়া শুধু তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ নয়, বরং নতুন বাংলাদেশের যাত্রাকে কণ্টকমুক্ত করার একটি আইনি বাধ্যবাধকতা। তবে মানবাধিকার কমিশনের তদন্ত প্রক্রিয়া যেন কোনোভাবেই দীর্ঘসূত্রতা বা রাজনৈতিক প্রভাবের শিকার না হয়, সেদিকে সরকারকে কড়া নজর রাখতে হবে। পরিশেষে বলা যায়, এই অধ্যাদেশটি যেমন একদিকে অভ্যুত্থানকারী বীরদের সুরক্ষা দিচ্ছে, অন্যদিকে ক্ষতিগ্রস্তদের বিচার পাওয়ার পথও রুদ্ধ করছে না। আইনের শাসন ও ইনসাফ কায়েমের এই মেলবন্ধনই আগামীর বাংলাদেশের ভিত্তি হওয়া উচিত।

নির্বাচনে আসছেন ৩৩০

গণভোট পর্যবেক্ষণে এখন পর্যন্ত ৩৩০ জন আন্তর্জাতিক পর্যবেক্ষক আসার বিষয়টি নিশ্চিত হয়েছে। শনিবার (৩১ জানুয়ারি) প্রধান উপদেষ্টার প্রেস উইং জানিয়েছে, এই সংখ্যা ২০২৪ সালের ৭ জানুয়ারির বিতর্কিত নির্বাচনের তুলনায় দ্বিগুণেরও বেশি। এবারের নির্বাচনকে কেন্দ্র করে আন্তর্জাতিক মহলে ব্যাপক আগ্রহ তৈরি হওয়ায় পর্যবেক্ষকের তালিকায় যুক্ত হয়েছে প্রভাবশালী বিভিন্ন সংস্থা ও দেশ। প্রেস উইং থেকে জানানো হয়, ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি)-সহ ছয়টি আন্তর্জাতিক সংস্থা অন্তত ৬৩ জন পর্যবেক্ষক পাঠাতে সম্মত হয়েছে। এর পাশাপাশি ইউরোপীয় ইউনিয়ন, ১৬টি দেশ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যুক্ত ৩২ জন ব্যক্তি পর্যবেক্ষক হিসেবে নির্বাচনে অংশ নেবেন। পরিসংখ্যান অনুযায়ী, বিগত নির্বাচনগুলোর তুলনায় এবারের পর্যবেক্ষক সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি। এর আগে ১২তম জাতীয় সংসদ নির্বাচনে ১৫৮ জন, ১১তম জাতীয় নির্বাচনে ১২৫ জন এবং ১০ম নির্বাচনে মাত্র চারজন আন্তর্জাতিক পর্যবেক্ষক অংশ নিয়েছিলেন। ওআইসির দুই সদস্যের পর্যবেক্ষক দলটির নেতৃত্ব দেবেন সংস্থাটির নির্বাচন পর্যবেক্ষণ ইউনিটের প্রধান শাকির মাহমুদ বান্দার। এছাড়া এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস (আনফ্রেল) থেকে ২৮ জন, কমনওয়েলথ সেক্রেটারিয়েট থেকে ২৫ জন, যুক্তরাষ্ট্রভিত্তিক ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট (আইআরআই) থেকে সাতজন এবং ন্যাশনাল ডেমোক্রেটিক ইনস্টিটিউট (এনডিআই) থেকে একজন পর্যবেক্ষক আসবেন। পররাষ্ট্র মন্ত্রণালয় ও নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, ভয়েস ফর জাস্টিস, ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল, এএনএফএস এশিয়া, সার্ক মানবাধিকার ফাউন্ডেশন এবং পোলিস ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স-এর মতো সংস্থার প্রতিনিধিত্বকারী ৩২ জন ব্যক্তি পর্যবেক্ষক হিসেবেও নির্বাচনী কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। আন্তর্জাতিক পর্যবেক্ষকদের সফর সমন্বয়ের দায়িত্বে থাকা সিনিয়র সচিব ও এসডিজি সমন্বয়ক লামিয়া মোরশেদ বলেন, "আমরা আশা করছি আন্তর্জাতিক পর্যবেক্ষকের সংখ্যা আরও বাড়বে। আমন্ত্রণ জানানো কয়েকটি দেশ এখনো তাদের প্রতিনিধিদের নাম নিশ্চিত করেনি।" যেসব দেশ এখনো প্রতিনিধি চূড়ান্ত করেনি- তাদের মধ্যে রয়েছে ভারত, নেপাল, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, মিসর, ফ্রান্স, কুয়েত, মরক্কো, নাইজেরিয়া ও রোমানিয়া। এছাড়া দক্ষিণ এশিয়ার নির্বাচন ব্যবস্থাপনা সংস্থাগুলোর ফোরাম ফেমবোসা শিগগিরই তাদের পর্যবেক্ষকদের নাম ঘোষণা করতে পারে। এবারের নির্বাচনে ৫০টির বেশি রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থী মিলিয়ে প্রায় ২ হাজার প্রার্থী ৩০০টি সংসদীয় আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি একই দিনে অনুষ্ঠিত হবে জুলাই জাতীয় সনদ নিয়ে গণভোট।

নির্বাচনকে ঘিরে পার্শ্ববর্তী

লিপ্ত রয়েছে। যদি কোনো দেশ বাংলাদেশের নির্বাচনে হস্তক্ষেপ করার চেষ্টা করে, তাহলে এ দেশের জনগণ ঐক্যবদ্ধভাবে তা রুখে দেবে। নির্বাচনে ১১ দলীয় জোট সরকার গঠন করলে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে জুলাই গণহত্যা ও শরিফ ওসমান হাদি হত্যার বিচার নিশ্চিত করা হবে। শনিবার (৩১ জানুয়ারি) দুপুরে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার চৌদ্দগ্রাম পাইলট হাই স্কুল মাঠে অনুষ্ঠিত নির্বাচনী জনসমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, এই নির্বাচন কোনো বিচ্ছিন্ন বা আকস্মিক ঘটনা নয়, বরং এটি জুলাই গণঅভ্যুত্থানের ধারাবাহিকতা। জুলাই গণঅভ্যুত্থানের কারণেই আজ দেশ একটি নির্বাচনী প্রক্রিয়ার মধ্য দিয়ে অগ্রসর হতে পেরেছে। তিনি বলেন, ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনের লক্ষ্য ছিল ইনসাফভিত্তিক একটি রাষ্ট্র গড়া, যেখানে জনগণের অধিকার নিশ্চিত হবে এবং রাষ্ট্র পরিচালনায় জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে। নাহিদ ইসলাম বলেন, নির্বাচনকে ঘিরে পার্শ্ববর্তী দেশ নানা ধরনের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। প্রকাশ্যে ১১ দলীয় জোটের বিপক্ষে অবস্থান নেওয়ার মাধ্যমে তারা একটি নির্দিষ্ট দলের পক্ষ অবলম্বন করছে। এমন আচরণ বাংলাদেশের সার্বভৌমত্ব ও গণতান্ত্রিক চেতনার পরিপন্থি। যদি পার্শ্ববর্তী দেশ নির্বাচনী প্রক্রিয়ায় হস্তক্ষেপের চেষ্টা করে, তাহলে এই দেশের জনগণই তার জবাব দেবে। তিনি আরও বলেন, ইনশাআল্লাহ ১১ দলীয় জোট সরকার গঠন করতে পারলে জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী অসমাপ্ত কাজগুলো সম্পন্ন করা হবে। তাদের সরকারের মূল অগ্রাধিকার থাকবে জুলাই অভ্যুত্থানে শহীদদের বিচার নিশ্চিত করা এবং ওসমান হাদি ভাইয়ের হত্যাকারীদের দ্রুত বিচার সম্পন্ন করা। জনসমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের। বক্তারা সবাই অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করার পাশাপাশি জনগণের অধিকার রক্ষায় ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

আমরা কোনো দুর্নীতিগ্রস্ত

ফ্যাসিবাদ দেখতে চাই না। আমরা কোনো দুর্নীতিগ্রস্ত সরকার দেখতে চাই না। আমরা একটি মানবিক বাংলাদেশ দেখতে চাই। শনিবার (৩১ জানুয়ারি) দুপুরে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে চৌদ্দগ্রাম এইচ জে পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ে মাঠে আয়োজিত নির্বাচনী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, বিগত সময়ে শত অত্যাচার-নির্যাতন সহ্য করেও আমরা দেশ ছাড়িনি। আমরা ছিলাম, আমরা আছি, আমরা থাকব ইনশাআল্লাহ। আমরা মজলুম ছিলাম, মজলুমের দুঃখ আমরা বুঝি। এজন্য আমরা কখনো জালিম হবো না। দেশব্যাপী নারী নির্যাতনের প্রসঙ্গে ডা. শফিকুর রহমান বলেন, আর যদি কোনো মা-বোনদের গায়ে হাত দেওয়া হয়, তাহলে আমরা তাদের ছেড়ে কথা বলব না। এমন ঘটনা যেখানেই ঘটে, সেখানেই তোমরা সাহসী যুবকরা ঝাঁপিয়ে পড়ো, যেভাবে জুলাইয়ে স্বৈরাচারের বিরুদ্ধে লড়াই করেছো।' তিনি আরও বলেন, মা-বোনেরা কোন জুজুর ভয় পাবেন না। কোনো ভয়-ভীতিতে আপনারা ক্ষান্ত হবেন না। আপনারা ন্যায়ের পক্ষে ভোট দিন। চাঁদাবাজদের রুখে দিন। জামায়াত ক্ষমতায় এলেই মা-বোনেরা নিরাপদে থাকবেন।' জামায়াত আমির বলেন, 'আপনারা সেই মা যারা আবরার ফাহাদ, আবু সাঈদ আর ওসমান হাদিদের জন্ম দিয়েছেন। যারা আপনাদের ভয় দেখায় আপনারা তাদের রুখে দিন। বলুন ভোট আমি দিতে যাব, ন্যায়-ইনসাফের পক্ষে দেব, পারলে ঠেকাও। জামায়াত প্রধান বলেন, আপনারা যদি আমাদের ভোট দেন, আমরা ক্ষমতায় গেলে ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহেরকে মন্ত্রী পরিষদের সিনিয়র সদস্য হিসেবে দেখতে পাবেন। এই প্রতিশ্রুতি আমি দিচ্ছি। যুবকদের উদ্দেশে ডা. শফিকুর রহমান বলেন, কোনো যুবকের হাতে বেকার ভাতা তুলে দেব না। যুবকদের দেশ গড়ার কারিগরে পরিণত করব। কর্মসংস্থান সৃষ্টি করে আমরা যুবকদের সম্মানের জায়গায় বসাতে চাই। জামায়াতে ইসলামীর নায়েবে আমির, কুমিল্লা-১১ (চৌদ্দগ্রাম) আসনের ১১ দলীয় ঐক্য সমর্থিত দাঁড়িপাল্লার প্রার্থী ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহেরের সভাপতিত্বে বক্তব্য রাখেন এনসিপির সভাপতি নাহিদ ইসলাম, খেলাফত মজলিসের আমির আল্লামা মামুনুল হক, জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি মাওলানা এটিএম মাছুম, মাওলানা আবদুল হালিম, ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি মো. জাহিদুল ইসলাম, ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি সিগবাতুল্লাহ, ডাকসুর ভিপি সাদেক কাইয়ুম, জামায়াতের কেন্দ্রীয় মজলিসের সদস্য আবদুস সাত্তার, কুমিল্লা দক্ষিণ জেলা জামায়াতের আমির অ্যাডভোকেট মুহাম্মদ শাহজাহান, কুমিল্লা-১০ আসনের ১১ দলীয় জোটের সংসদ সদস্য প্রার্থী মো. ইয়াছিন আরাফাতসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিএনপি ছাড়া দেশকে সঠিকভাবে

রাজনৈতিক দল এখন কোন পরিকল্পনা করবে দেশ ও জনগণের জন্য। যাতে এই দেশ আগামীতে সামনের দিকে এগিয়ে যেতে পারে। এই মুহূর্তে বিএনপি একমাত্র রাজনৈতিক দল, যে দলের অভিজ্ঞতা আছে কীভাবে দেশকে সুন্দরভাবে সামনের দিকে এগিয়ে নিতে পরিচালনা করতে হয়। বিএনপি ছাড়া এই বাংলাদেশকে সঠিকভাবে পরিচালনা করতে পারে- অভিজ্ঞতা সম্পন্ন এ রকম কোনো রাজনৈতিক দল নেই। শনিবার (৩১ জানুয়ারি) বিকেলে সিরাজগঞ্জ সদর উপজেলার পাইকপাড়ায় বিসিক শিল্প পার্ক এলাকায় নির্বাচনি জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির চেয়ারম্যান বলেন, দেশ আমাদের অনেক দিয়েছে। ১৯৭১ সালে লাখো শহীদ জীবন দিয়েছে দেশকে স্বাধীন করার জন্য। ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে বহু মানুষ নিজের জীবন উৎসর্গ করেছে সেই স্বাধীনতাকে রক্ষা করার জন্য। এখন আমাদের সেই স্বাধীনতাকে অর্থবহ করে তুলতে হবে। আজ এই লাখ লাখ মানুষের সামনে আমি হয়তো দাঁড়িয়ে প্রতিপক্ষ সম্পর্কে অনেক কথা বলতে পারতাম, আপনারা হয়তো হাততালি দিতেন। তাতে কোনো লাভ হতো না। তিনি আরও বলেন, মানুষ তার ওপরেই ভরসা করে যার অভিজ্ঞতা আছে। মানুষ তার ওপরে ভরসা করে যার ওপরে ভরসা করা যেতে পারে, যে মানুষকে বিপদের সময় ফেলে রেখে চলে যায়নি। এসব গুণ বিএনপির মধ্যে আছে। যদি দেশের ২০ কোটি মানুষকে একসাথে নিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হয়, তাহলে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। তারেক রহমান বলেন, একটি গোষ্ঠী আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করবে। যারা এসে আপনাদের বিভ্রান্ত করার চেষ্টা করবে, দেখামাত্র তাদের বলবেন 'গুপ্ত তোমরা'। যারা বিভ্রান্তিমূলক কথা ছড়াবে তাদের একটি নাম- তারা গুপ্ত। কারণ গত ১৬ বছর তাদেরকে আমরা দেখি নাই। তারা তাদের সাথেই মিশে ছিল, যারা ৫ তারিখে পালিয়ে গেছে। সিরাজগঞ্জবাসীর উদ্দেশে তিনি বলেন, আমরা যদি তাঁত বা লুঙ্গির কথা বলি, তাহলে চোখের সামনে ভেসে উঠে সিরাজগঞ্জ ও পাবনার এলাকা। এই এলাকার মানুষ তাঁতশিল্পের সাথে জড়িত। ক্ষমতায় গেলে সিরাজগঞ্জের তাঁতশিল্পের উৎপাদিত পণ্য সারাবিশ্বে ছড়িয়ে দিতে পারবো। জনসভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকুসহ সিরাজগঞ্জের পাঁচটি ও পাবনার পাঁচটি আসনের বিএনপি মনোনীত প্রার্থীদের হাতে ধানের শীষ প্রতীক তুলে দিয়ে ভোট চান তারেক রহমান। সিরাজগঞ্জ জেলা বিএনপির সভাপতি রোমানা মাহমুদের সভাপতিত্বে এবং জেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান বাচ্চুর সঞ্চালনায় জনসভায় জেলা, উপজেলা, ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নির্বাচনি প্রচারণায় বিএনপি

বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে বিষয়টি সংঘর্ষে রূপ নেয়। এতে উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে কয়েকজনকে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়েছে। ইউনিয়ন জামায়াতের আমির আব্দুল হালিম অভিযোগ করেন, আমরা শান্তিপূর্ণভাবে ভোট চাইছিলাম। কিন্তু শ্রমিক দল নেতা ইউসুফের নেতৃত্বে একদল লোক আমাদের ওপর লাঠিসোঁটা নিয়ে হামলা চালায়। এতে আমাদের ৬-৭ জন নেতাকর্মী আহত হয়েছেন। অন্যদিকে অভিযোগ অস্বীকার করে শ্রমিক দল নেতা মো. ইউসুফ বলেন, আমরা প্রচারণায় বাধা দিইনি। বরং আব্দুল হালিমের নেতৃত্বে জামায়াত কর্মীরা লাঠিসোঁটা নিয়ে আমাদের বাড়িতে ঢুকে হামলা করেছে। আমাদের ৮ জন আহত হয়েছে, যার মধ্যে একজন হাসপাতালে ভর্তি।" বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান জানান, পরিস্থিতি বর্তমানে শান্ত রয়েছে। এখন পর্যন্ত কোনো পক্ষ থানায় লিখিত অভিযোগ করেনি। অভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

বরিশালে ২০ লাখ টাকার

এ জালের আনুমানিক বাজারমূল্য প্রায় ২০ লাখ টাকা। তিনি আরও জানান, জাটকা ধরার অপরাধে ৪ জন জেলেকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ১৬ হাজার টাকা অর্থদণ্ড করা হয়েছে। পরে জব্দ করা জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন হিজলার সহকারী কমিশনার (ভূমি) অভ্র জ্যোতি বড়াল। অভিযানে মৎস্য বিভাগ ও পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন। মৎস্য কর্মকর্তা জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

গৌরনদীতে ইঞ্জিনিয়ার সোবাহান

আসছে। তারই ধারাবাহিকতায় শনিবার সকাল সাড়ে দশটার দিকে ধুরিয়াইল এলাকায় ফুটবল মার্কার সমর্থনে বাড়িতে বাড়িতে জনসংযোগ করতে গিয়ে তার দুইজন নারী কর্মীকে হেনেস্তা ও একজন পুরুষ কর্মীকে মারধর করা হয়েছে। মারধরে আহত স্বতন্ত্র প্রার্থীর সমর্থক তাইজুদ্দিন সরদার অভিযোগ করে বলেন-শনিবার সকালে কর্মী-সমর্থকদের নিয়ে ধুরিয়াইল এলাকায় ফুটবল মার্কার পক্ষে ভোট চাওয়ার জন্য যাই। এসময় ধানের শীষ মার্কার প্রার্থী জহির উদ্দিন স্বপনের সমর্থক ছিন্টু মৃধা, মশিউর রহমানসহ তাদের ৫/৬ জন সমর্থকরা গণসংযোগে বাঁধা প্রদান করে আমাকে মারধর করে আহত করে। এছাড়াও নারী কর্মীদের চরমভাবে হেনেস্তা করা হয়। এসময় আমাদের কাছ থেকে ফুটবল মার্কার হ্যান্ডবেল ছিনিয়ে নেওয়া হয়। পাশাপাশি আগামী তিনদিনের মধ্যে আমাদের প্রার্থী ইঞ্জিনিয়ার আবদুস সোবহানকে নির্বাচনী মাঠ থেকে উঠিয়ে দেওয়া হবে বলেও হামলাকারীরা হুমকি প্রদর্শন করে। ফুটবল মার্কার কয়েকজন নারী সমর্থকরা অভিযোগ করে বলেন, যেখানেই ফুটবল মার্কার প্রচারনায় যাই, সেখানেই ধানের শীষ মার্কার সমর্থকরা আমাদের প্রচারণায় বাঁধা দেয়। শনিবার ধুরিয়াইল গ্রামে প্রচারনার সময় জহির উদ্দিন স্বপনের অনুসারীরা আমাদের বেঁধে রাখার হুমকি দিয়ে চরমভাবে হেনেস্তা করে। স্বতন্ত্র প্রার্থী ইঞ্জিনিয়ার আবদুস সোবহান বলেন, ভোট গ্রহনের পূর্বে ধানের শীষের প্রার্থীর সমর্থকরা এলাকায় একটি ভীতিকর পরিবেশ তৈরি করতে চায়। বিষয়টি আমি প্রশাসনকে জানিয়েছি। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার মো. ইব্রাহীম জানিয়েছেন, খবরপেয়ে ঘটনাস্থলে আইনশৃংখলা বাহিনীর সদস্যদের পাঠানো হয়েছে। সুষ্ঠু পরিবেশ কেউ নষ্ট করতে চাইলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরপর ৩ দিনে ৩ নেতা

আমরা। এই সমাবেশে ৩ লাখের বেশি মানুষের সমাগম ঘটানোর লক্ষ্য জামায়াতের। ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর সৈয়দ মুহাম্মদ রেজাউল করীমের ৫ ফেব্রুয়ারির সমাবেশ প্রসঙ্গে দলটির মহানগর সহকারী সেক্রেটারি এবং বরিশাল-৫ আসনের দলীয় প্রার্থীর নির্বাচন পরিচালনা কমিটির মিডিয়া সেলের আহ্বায়ক নাসির উদ্দিন নাইস বলেন, আমিরের বরিশালের জনসভার প্রধান টার্গেট সদর আসন। কারণ এটি তাঁর বাড়ি। এই আসনে জয়লাভ করতে তাঁরা সর্বশক্তি প্রদর্শন করবেন। এ জন্য বরিশাল-৫ আসনে প্রার্থী হয়েছেন আমিরের ভাই সৈয়দ ফয়জুল করীম।

শহিদ সাংবাদিকের বাবাকে

সামনে এ ঘটনা ঘটে। ঘটনার প্রতিবাদে রাতে বাউফল পৌর শহরে বিক্ষোভ মিছিল করেছেন জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা। অভিযোগে মোশারেফ হোসেন জানান, শুক্রবার সকালে জামায়াতে ইসলামীর কয়েকজন নারী কর্মী হোসনাবাদ গ্রামে নির্বাচনি প্রচারণায় গেলে তিনি তাদের সহযোগিতা করছিলেন। দুপুরের দিকে তারা তার বাড়ির সামনে সড়কে অবস্থান করছিলেন। এ সময় বিপরীত দিক থেকে বিএনপি সমর্থকদের একটি মিছিল ওই সড়ক দিয়ে আসতে থাকে। সড়কটি সরু হওয়ায় জামায়াতের নারী কর্মীরা সরে যাওয়ার সুযোগ পাননি। এরপরও মিছিল এগিয়ে এলে তিনি বাধা দিলে কয়েকজন বিএনপি নেতা ক্ষিপ্ত হয়ে তাকে মারধর করেন। অভিযোগে আরও বলা হয়, ওই সময় জামায়াতের নারী কর্মীদের হিজাব খুলতে বাধ্য করা হয় এবং তাদের ছবি তুলে রাখা হয়। এর আগের দিন বিএনপি প্রার্থীর বিরুদ্ধে জামায়াতের এক সভায় করা মন্তব্যের জের ধরেই এ হামলা চালানো হয়েছে বলেও অভিযোগ করেন মোশারেফ হোসেন। তবে অভিযোগ অস্বীকার করে উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ বলেন, নিহত সাংবাদিকের ঘটনাকে পুঁজি করে মোশারেফ হোসেন বিভিন্ন জায়গা থেকে আর্থিক সুবিধা নেওয়ার চেষ্টা করছেন। জামায়াতে ইসলামীর কাছ থেকে অর্থ নিয়ে তিনি মিথ্যা অভিযোগ করছেন। ঘটনাস্থলে এমন কোনো ঘটনা ঘটেনি এবং তার শরীরে আঘাতের কোনো চিহ্নও নেই। নির্বাচনকে প্রভাবিত করা ও জনগণকে বিভ্রান্ত করতেই এ ধরনের অভিযোগ তোলা হয়েছে বলে দাবি করেন তিনি। এটি জামায়াতের রাজনৈতিক অপকৌশল বলেও মন্তব্য করেন ফাহাদ। এ বিষয়ে বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ ছিদ্দিকুর রহমান বলেন, ভুক্তভোগীর লিখিত অভিযোগ গ্রহণ করা হয়েছে। তার বক্তব্য শোনা হয়েছে এবং বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

১৪ হাজার সাংবাদিকের

উদ্দিন কমিশন। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত পরিবর্তনের আগে প্রায় ১৪ হাজার সাংবাদিক কার্ড ও স্টিকার পেতে ইসির অনলাইন সিস্টেমে আবেদন করেন। তবে এই ১৪ হাজার সাংবাদিকের সব তথ্য ইসির ওই নির্দিষ্ট ওয়েবসাইট থেকে উন্মুক্ত হয়ে যায়। শনিবার (৩১ জানুয়ারি) বিকেল ৪টার দিকে ইসির ওয়েবসাইটে ১৪ হাজার সাংবাদিকের এনআইডি নম্বর, মোবাইল নম্বরসহ আবেদনের কপি উন্মুক্ত হয়ে যায়। নির্বাচন কমিশনের নির্ধারিত ওয়েবসাইট pr.ecs.gov.bd-এর মাধ্যমে এসব আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হয়েছে। ইসির নির্ধারিত এই ওয়েবসাইটে দেখা যায়, বিকেল ৪টার পর কেউ লগইন করে ওয়েবসাইটে প্রবেশের সঙ্গে সঙ্গেই ১৪ হাজার সাংবাদিকের আবেদনের তালিকা হোম পেজে চলে আসছে। ওয়েবসাইটের হোম পেজে তালিকা আসার পাশাপাশি আবেদনকারীর নাম, এনআইডি নম্বর, মোবাইল নম্বর এবং সম্পূর্ণ আবেদন ওপেন করার অপশন চলে আসে। তবে কিছু সময় পর আর ওয়েবসাইটটিতে প্রবেশ করা যায়নি। নির্বাচন কমিশন বিটের সাংবাদিকদের সঙ্গে আলোচনা না করেই অনলাইন পদ্ধতিতে অনলাইন সিস্টেম চালু করে নির্বাচন কমিশনের জনসংযোগ শাখা। পরে গত বৃহস্পতিবার প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে সাংবাদিকরা বৈঠক করে আল্টিমেটাম দিলে ইসি অনলাইন সিস্টেম থেকে সরে এসে আগের পদ্ধতিতে কার্ড ও গাড়ির স্টিকার দেওয়ার সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে নির্বাচন কমিশনের জনসংযোগ শাখার পরিচালক মো. রুহুল আমিন মল্লিক বলেন, আমরা অনলাইন সিস্টেম গতকাল (শুক্রবার) বন্ধ করে দিয়েছি। আজ এটা কীভাবে ওপেন হলো সেটা খোঁজ নিয়ে বলতে পারব। পরে তিনি খোঁজ নিয়ে জানান, আজ বিকেলে ওয়েবসাইটের অ্যাডমিনের দায়িত্বে যিনি ছিলেন, তিনি ওপেন করেছিলেন। তবে এখন ওয়েবসাইট বন্ধ আছে। যেভাবে অনলাইনে রেজিস্ট্রেশন করতে বলেছিল ইসি- ওয়েবসাইটে প্রবেশ করার পর ধাপে ধাপে জাতীয় পরিচয়পত্র নম্বর, ই-মেইল ঠিকানা, মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিতে হয়েছে। সব ধাপ পূরণ করার পর প্রদত্ত মোবাইল নম্বরে একটি ওটিপি পাঠানো হয়। ওটিপি যাচাইয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়।

ভয়াবহ আর্থিক সংকটের

না করায় জাতিসংঘের আর্থিক সংকট দিন দিন গভীর হচ্ছে, যা বিভিন্ন কর্মসূচির বাস্তবায়নকে হুমকির মুখে ফেলেছে। তিনি জানিয়েছেন, জুলাইয়ের মধ্যেই জাতিসংঘের তহবিল পুরোপুরি ফুরিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। গুতেরেস আরও বলেছেন, সদস্য দেশগুলো যদি সময়মতো ও পুরো চাঁদা না দেয়, তাহলে হয় জাতিসংঘ ভেঙে পড়বে, নয়তো সংস্থাটির আর্থিক কাঠামোতে বড় ধরনের সংস্কার আনতে হবে। তিনি আরও জানিয়েছেন, ২০২৫ সালে নির্ধারিত মোট চাঁদার মাত্র ৭৭ শতাংশই আদায় হয়েছে, যা ইতিহাসে সর্বোচ্চ বকেয়ার রেকর্ড। জাতিসংঘের নিয়ম অনুযায়ী কোনও কর্মসূচি বাস্তবায়ন না হলে অর্থ ফেরত দিতে হয়। এর ফলে এমন পরিস্থিতি তৈরি হয়েছে যে, সংস্থাকে এমন অর্থও ফেরত দিতে হচ্ছে যা তারা আদৌ পাননি। চলতি মাসেই ২০২৬ সালের বাজেটের অংশ হিসেবে ২২ কোটি ৭০ লাখ ডলার ফেরত দিতে বাধ্য হয়েছে জাতিসংঘকে, যে অর্থ কখনও তহবিলে জমা পড়েনি। এই সংকটের পেছনে বড় কারণ হিসেবে উঠে এসেছে যুক্তরাষ্ট্রের ভূমিকা। জাতিসংঘের সবচেয়ে বড় অর্থদাতা দেশটি নিয়মিত ও শান্তিরক্ষা বাজেটে অর্থ দেওয়া বন্ধ করেছে এবং একাধিক সংস্থা থেকে নিজেদের সরিয়ে নিয়েছে। যুক্তরাষ্ট্রের পাশাপাশি আরও কয়েকটি দেশ চাঁদা বকেয়া রেখেছে বা দিতে অস্বীকৃতি জানিয়েছে। গুতেরেস স্পষ্ট করে বলেছেন, এখন দুটি পথ খোলা সব সদস্য রাষ্ট্রকে তাদের দায়িত্ব পালন করে চাঁদা পরিশোধ করতে হবে, নইলে জাতিসংঘকে রক্ষা করতে হলে আর্থিক ব্যবস্থায় আমূল পরিবর্তন আনতে হবে।

পিরোজপুরে একই মঞ্চে

নির্বাচনী অঙ্গীকার ও এলাকার উন্নয়ন ভাবনা তুলে ধরেন। এ সময় উপস্থিত ব্যক্তিরা প্রার্থীদের কাছে বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেন এবং প্রার্থীরা সেগুলোর উত্তর দেন। একপর্যায়ে দুই প্রার্থী ও উপস্থিত জনগণ একে অপরের হাত ধরে সম্প্রীতি ও ভ্রাতৃত্বের শপথ নেন। ?সুজন-পিরোজপুর জেলা কমিটির সভাপতি মুনিরুজ্জামান নাসিম আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান ও সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি জহিরুল হক সহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

দেশের স্থিতিশীলতা রক্ষায়

আইনশৃঙ্খলা বাহিনীকে পেশাদারিত্ব, সততা ও সম্পূর্ণ নিরপেক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান নির্বাচন কমিশনার। তিনি কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেন, নির্বাচনের নিরপেক্ষতা নিয়ে কোনো অভিযোগ সহ্য করা হবে না। দেশের ভাবমূর্তি রক্ষায় এই নির্বাচন একটি বড় চ্যালেঞ্জ এবং সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ সতর্কতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার মো. মমিন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরও উপস্থিত ছিলেন- জেলা পুলিশ সুপার মিজানুর রহমান,আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মো. ফরিদুল ইসলাম,সেনাবাহিনীর ক্যাম্প কমান্ডার ইয়াসির আরাফাত। এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং ভিজিল্যান্স ও অবজারভেশন টিমের প্রতিনিধিরা সভায় অংশ নেন।

হিজলায় দেশীয় অস্ত্রসহ

অভিযানের অংশ হিসেবে গোপন তথ্যের ভিত্তিতে শনিবার ভোররাত থেকে সকাল ১০টা পর্যন্ত হিজলা গৌরব্দী ইউনিয়নের চরকুশুরিয়া গ্রামে এ বিশেষ অভিযান পরিচালনা করে। ৪১ বীর-এর অধিনায়ক মেজর কাজী জাহিদুল ইসলামের নেতৃত্বে ৬০ জন সেনাসদস্যের একটি দল রাত ৩টার দিকে হিজলার চর কুশুরিয়া এলাকায় তল্লাশি শুরু করে। অভিযানে ১২টি দেশীয় ধারালো অস্ত্র, একটি চাইনিজ কুড়াল ও ৩টি মোবাইল ফোন সেটসহ মোস্তফা সিকদারকে আটক করা হয়। সেনাবাহিনী জানায়, আটককৃত ব্যক্তি ও উদ্ধার করা মালামাল আইনগত প্রক্রিয়া সম্পন্নের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে। দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, অবৈধ অস্ত্র ও মাদক উদ্ধার, চোরাচালান দমন এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বদা বদ্ধপরিকর বাংলাদেশ সেনাবাহিনী। জনজীবনে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে সেনাবাহিনী এ ধরনের অভিযান অব্যাহত রাখবে বলে জানিয়েছে।

পটুয়াখালীতে নুরুল হক নুরকে

২৬ জানুয়ারি রাত ৮টার দিকে পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার চরবোরহান ইউনিয়নের পাগলা বাজার সেন্টারে অবস্থিত স্বতন্ত্র প্রার্থী মো. হাসান মামুনের নির্বাচনি কার্যালয়ে নুরুল হক নুরের অনুসারী কর্মী-সমর্থকেরা হামলা ও ভাঙচুর চালান। এ ঘটনায় হাসান মামুনের কয়েকজন কর্মী-সমর্থক আহত হন, যা আচরণ বিধিমালার ৬(ক) ধারার পরিপন্থি। উক্ত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণসহ নির্বাচন কমিশনে পাঠানোর আগে নুরুল হক নুরকে আগামী ৩ ফেব্রুয়ারি (মঙ্গলবার) বেলা ১১টায় দশমিনায় অবস্থিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নির্বাচনি অনুসন্ধান ও বিচারিক কমিটির অস্থায়ী কার্যালয় (সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, দশমিনা) সশরীরে অথবা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে সাবেক ডাকসু ভিপি ও গণঅধিকার পরিষদের সভাপতি, বিএনপি জোট প্রার্থী নুরুল হক নুর আমার দেশকে বলেন, 'আমি এখনো আনুষ্ঠানিকভাবে কোনো আইনি নোটিশ হাতে পাইনি। আপনার মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি এবং সামাজিক যোগাযোগমাধ্যমেও দেখেছি। আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল। নোটিশ পেলে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই হাজির হয়ে ব্যাখ্যা দেব।'

অবাধ-সুষ্ঠু নির্বাচনে বড় হুমকি এআই'র অপব্যবহার

কীর্তনখোলা ডেস্ক

গণতন্ত্রের প্রাণশক্তি নিহিত থাকে জনগণের অবাধ, স্বাধীন ও সচেতন মত প্রকাশে। একটি নির্বাচন তখনই সুষ্ঠু ও অর্থবহ হয়, যখন ভোটার নির্ভয়ে ভোট দিতে পারেন এবং সেই ভোটের সিদ্ধান্ত নেন সত্য, নির্ভরযোগ্য ও যাচাইকৃত তথ্যের ওপর ভিত্তি করে। সুষ্ঠু নির্বাচন কেবল ব্যালট বাক্সে ভোট পড়ার আনুষ্ঠানিকতা নয়; এটি আসলে সত্যের সঙ্গে জনগণের আস্থার এক গভীর সম্পর্ক। কিন্তু দুঃখজনক বাস্তবতা হলো বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে সেই আস্থার ভিত্তিই সবচেয়ে বড় হুমকির মুখে পড়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) প্রযুক্তির বিস্ময়কর অগ্রগতি একদিকে যেমন মানবজীবনকে সহজ ও গতিশীল করছে, অন্যদিকে তেমনি গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থার জন্য তৈরি করছে ভয়ংকর ঝুঁকি। বিশেষ করে এআই দিয়ে তৈরি ভুয়া ভিডিও, অডিও ও ছবি, যা 'ডিপফেক' নামে পরিচিত এখন আর কেবল প্রযুক্তিগত কৌতূহল নয়; বরং এটি গণতন্ত্রকে দুর্বল করার একটি শক্তিশালী অস্ত্রে পরিণত হয়েছে। এআই প্রযুক্তির সাহায্যে এমন ভিডিও বা অডিও তৈরি করা সম্ভব হচ্ছে, যা দেখলে বা শুনলে সাধারণ মানুষের পক্ষে আসল ও নকলের পার্থক্য করা প্রায় অসম্ভব। কোনো রাজনৈতিক নেতার মুখে এমন বক্তব্য বসিয়ে দেওয়া যায়, যা তিনি কখনো বলেননি। এমন দৃশ্য তৈরি করা যায়, যা বাস্তবে ঘটেনি। এসব ভুয়া কনটেন্ট মুহূর্তের মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং সত্য যাচাইয়ের সুযোগ পাওয়ার আগেই জনমনে বিভ্রান্তি ও সন্দেহের বীজ বপন করে। এই পরিস্থিতিতে প্রশ্ন উঠছে যখন সত্য নিজেই অনিশ্চিত হয়ে পড়ে, তখন একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন কীভাবে সম্ভব? এআইয়ের অপব্যবহার সেই প্রশ্নটিকেই আজ গণতন্ত্রের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হিসেবে দাঁড় করিয়েছে। বিশ্বখ্যাত প্রযুক্তি বিশেষজ্ঞ ও সাবেক গুগল সিইও এরিক শ্মিট একবার সতর্ক করে বলেছিলেন "এআই মানুষের চেয়ে বুদ্ধিমান হয়ে উঠবে এটাই সবচেয়ে বড় বিপদ নয়; বরং যাচাই ছাড়াই মানুষ এআই-তৈরি তথ্যকে সত্য বলে বিশ্বাস করবে, এটাই আসল ঝুঁকি। এই বক্তব্য আজকের নির্বাচনী বাস্তবতায় ভয়াবহভাবে প্রাসঙ্গিক। বিশ্বের বিভিন্ন দেশে সাম্প্রতিক নির্বাচনগুলোতে ডিপফেকের অপব্যবহার প্রমাণ করেছে এটি কেবল প্রযুক্তিগত সমস্যা নয়, বরং সরাসরি রাজনৈতিক ও সামাজিক স্থিতিশীলতার জন্য বড় হুমকি। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন, ভারতের লোকসভা ভোট, তুরস্ক, ইন্দোনেশিয়া, তাইওয়ান, ইউরোপ ও লাতিন আমেরিকার দেশগুলোতে ডিপফেক ও এআই-ভিত্তিক অপতথ্য নির্বাচনী পরিবেশকে বিষাক্ত করে তুলেছে। ভোটারদের বিভ্রান্ত করা, প্রার্থীর ভাবমূর্তি ধ্বংস করা কিংবা ভোট বর্জনে উসকানি দেওয়ার মতো কাজগুলো এখন এআইয়ের মাধ্যমে আগের চেয়ে অনেক সহজ ও কার্যকর হয়ে উঠেছে। অক্সফোর্ড ইন্টারনেট ইনস্টিটিউটের গবেষক সামান্থা ব্র্যাডশ এক প্রতিবেদনে বলেছেন "নির্বাচনের লড়াই এখন ক্রমেই ডিজিটাল যুদ্ধক্ষেত্রে রূপ নিচ্ছে, যেখানে সত্যের চেয়ে মিথ্যা অনেক দ্রুত ছড়িয়ে পড়ে। বাংলাদেশের প্রেক্ষাপটে এআই ভিডিওর হুমকি কোনো কল্পনাপ্রসূত আশঙ্কা নয়; এটি ইতোমধ্যেই বাস্তব রূপ নিয়েছে। ২০২৪ সালের ৭ জানুয়ারি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অনেকেই 'ডামি ভোট' নামে অভিহিত করেছেন। সেই নির্বাচনের দিনই গাইবান্ধা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী আবদুল্লাহ নাহিদ নিগারের একটি ভুয়া ডিপফেক ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে, যেখানে তাঁকে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিতে দেখা যায়। ভোটের দিন সকালে ছড়িয়ে পড়া এমন ভিডিও স্বাভাবিকভাবেই ভোটারদের বিভ্রান্ত করে এবং পুরো নির্বাচনী প্রক্রিয়ার বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করে তোলে। এই ঘটনাটি কোনো বিচ্ছিন্ন উদাহরণ নয়। এটি স্পষ্ট করে দেখিয়েছে বাংলাদেশের মতো দেশে, যেখানে ডিজিটাল সাক্ষরতা তুলনামূলকভাবে দুর্বল, সেখানে ডিপফেক কতটা বিপজ্জনক হতে পারে। ফ্যাক্টচেকাররা বলছেন, অনেক ক্ষেত্রে একটি মাত্র ভুয়া ভিডিওই যথেষ্ট ভোটারদের সিদ্ধান্ত পাল্টে দিতে, উত্তেজনা সৃষ্টি করতে কিংবা সহিংসতার পথ খুলে দিতে। ডিপফেকের পাশাপাশি বাংলাদেশে আরেকটি বড় সমস্যা হলো তথাকথিত 'চিপফেক'। এগুলো সব সময় উন্নত এআই দিয়ে তৈরি না হলেও সস্তা সফটওয়্যার, এডিটিং কৌশল কিংবা পুরোনো ছবি-ভিডিও ব্যবহার করে বিভ্রান্তিকর বার্তা ছড়ানো হয়। সত্য ভিডিওর সঙ্গে ভিন্ন অর্থবাহী ক্যাপশন জুড়ে দেওয়া, বক্তব্যের অংশবিশেষ কেটে প্রসঙ্গ বদলে দেওয়া, মনগড়া উদ্ধৃতি চালিয়ে দেওয়া এসব কৌশল এখন রাজনৈতিক অপপ্রচারের নিত্যদিনের অস্ত্র। তথ্য যাচাইকারী সংস্থাগুলোর বিশ্লেষণে দেখা যাচ্ছে, নির্বাচন যত ঘনিয়ে আসে, অপতথ্যের প্রধান মাধ্যম হিসেবে ভিডিওই সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে। কারণ মানুষ এখন লিখিত খবরের চেয়ে দৃশ্যমান কনটেন্টে বেশি আস্থা রাখে। এই মনস্তাত্ত্বিক দুর্বলতাই এআই অপব্যবহারকারীদের সবচেয়ে বড় শক্তি। বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা প্রায় ১৩ কোটি। ফেসবুক, ইউটিউব ও টিকটকের মতো প্ল্যাটফর্মে কোটি কোটি মানুষ সক্রিয়। এই বিশাল ডিজিটাল জনসমষ্টির মধ্যে যদি পরিকল্পিতভাবে ভুয়া ভিডিও ছড়ানো হয়, তার প্রভাব কল্পনাতীত। বিভিন্ন ফ্যাক্টচেকিং সংস্থার প্রতিবেদনে দেখা গেছে, নির্বাচনের আগের সময়ে শনাক্ত হওয়া ভুল তথ্যের বড় অংশই ছিল ভিডিওভিত্তিক এবং সেগুলোর বেশির ভাগই সরাসরি মিথ্যা বা বিভ্রান্তিকর। আরও উদ্বেগজনক বিষয় হলো এই মিথ্যাগুলো শুধু সাধারণ মানুষই নয়, অনেক সময় রাজনৈতিক নেতা ও গণমাধ্যমও যাচাই না করেই বিশ্বাস করছে। ফলে অপতথ্য এক স্তর পেরিয়ে আরেক স্তরে প্রবেশ করছে এবং শেষ পর্যন্ত তা 'সত্য' হিসেবে প্রতিষ্ঠা পাওয়ার ঝুঁকি তৈরি করছে। বিশ্লেষকেরা বলছেন, অপতথ্যের পেছনে সাধারণত দুই ধরনের শক্তি কাজ করে। একদল রাজনৈতিক বা আদর্শিকভাবে অনুপ্রাণিত। আরেক দল অর্থের বিনিময়ে কাজ করে। ভুয়া পরিচয়ে খোলা শত শত ফেসবুক পেজ ও অ্যাকাউন্ট নিয়ে গড়ে উঠেছে তথাকথিত 'বটবাহিনী', যারা সমন্বিতভাবে একই মিথ্যা তথ্য ছড়ায়। এদের অনেকের অবস্থান দেশের বাইরে হলেও লক্ষ্য থাকে বাংলাদেশের রাজনীতি ও নির্বাচন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও স্বীকার করছে নিষিদ্ধ রাজনৈতিক শক্তি ও স্বার্থান্বেষী মহল অনলাইনে সক্রিয়ভাবে অপতথ্য ছড়াচ্ছে। কিন্তু সমস্যা হলো, অ্যাকাউন্ট বা পেজ শনাক্ত করা গেলেও এর নেপথ্যের কারিগরদের আইনের আওতায় আনা অত্যন্ত কঠিন। গণপ্রতিনিধিত্ব আদেশে স্পষ্টভাবে বলা আছে, ভোটারকে বিভ্রান্ত করতে এআই ব্যবহার করে মিথ্যা বা মানহানিকর কনটেন্ট তৈরি ও প্রচার নিষিদ্ধ। নির্বাচন কমিশন, সাইবার সুরক্ষা সংস্থা ও পুলিশ সবাই এআই অপব্যবহারের ঝুঁকি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। হটলাইন, বিশেষ সেল ও নজরদারির কথাও বলা হচ্ছে। কিন্তু বাস্তবতা হলো, এখন পর্যন্ত কার্যকর ও দৃশ্যমান পদক্ষেপ খুব কমই চোখে পড়েছে। এর ফলে সেনা পোশাক পরা এআই-তৈরি ভিডিও, ধর্মীয় সংখ্যালঘু বা নারীদের নিয়ে ভুয়া ভিডিও, এমনকি পশুর মুখে ভোটের আহ্বান সবই নির্বিঘ্নে ছড়িয়ে পড়ছে। সেনাবাহিনী পর্যন্ত সতর্কতা জারি করলেও সেই ভিডিওগুলো অনলাইনে থেকে যাচ্ছে এবং লাখ লাখ মানুষ তা দেখছে। এআই ভিডিওর সবচেয়ে বড় বিপদ হলো এটি বিশ্বাসের ভিত্তিকে ভেঙে দেয়। মানুষ যখন আর নিশ্চিত হতে পারে না কোনটি সত্য আর কোনটি বানানো, তখন গণতন্ত্রের মূল শক্তিই দুর্বল হয়ে পড়ে। নির্বাচন নিয়ে সন্দেহ, প্রার্থীর বিরুদ্ধে ক্ষোভ, সহিংসতার আশঙ্কা সবকিছুই এই অবিশ্বাসের পরিবেশ থেকে জন্ম নিতে পারে। বিশেষজ্ঞদের মতে, কোনো প্রার্থীকে হেয় করে ভুয়া ভিডিও ছড়ানো হলে তাঁর সমর্থকেরা প্রতিক্রিয়ায় নামতে পারেন। আবার কাউকে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেওয়ানো হলে এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। এভাবেই এআই ভিডিও নির্বাচনকে শুধু প্রশ্নবিদ্ধই নয়, অস্থিতিশীল করে তুলতে পারে। এই পরিস্থিতিতে শুধু আইন থাকলেই চলবে না; তার কঠোর ও দ্রুত প্রয়োগ নিশ্চিত করতে হবে। নির্বাচন কমিশনের উচিত প্রযুক্তি বিশেষজ্ঞদের নিয়ে বিশেষায়িত টাস্কফোর্স গঠন করা, যারা তাৎক্ষণিকভাবে ভুয়া কনটেন্ট শনাক্ত ও অপসারণে কাজ করবে। সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্মগুলোর সঙ্গে সরাসরি সমন্বয় বাড়াতে হবে, যাতে সন্দেহজনক কনটেন্ট দ্রুত নামানো যায়। একই সঙ্গে নাগরিকদের ডিজিটাল সাক্ষরতা বাড়ানো অত্যন্ত জরুরি। মানুষকে শেখাতে হবে কীভাবে সন্দেহজনক ভিডিও শনাক্ত করবেন, কীভাবে যাচাই করবেন এবং কীভাবে গুজব ছড়ানো থেকে বিরত থাকবেন। যাচাই ছাড়া কনটেন্ট শেয়ার না করার সংস্কৃতি গড়ে তোলা ছাড়া বিকল্প কোনো পথ নেই। এআই প্রযুক্তি নিজে কোনো শত্রু নয়; শত্রু হলো এর অপব্যবহার। কিন্তু নির্বাচনকালীন সময়ে এই অপব্যবহার যদি নিয়ন্ত্রণে আনা না যায়, তবে ভবিষ্যতের যেকোনো নির্বাচন আরও বেশি প্রশ্নবিদ্ধ হবে। বাংলাদেশের মতো দেশে, যেখানে গণতন্ত্র ইতিমধ্যেই নানা চ্যালেঞ্জের মুখে, সেখানে এআই ভিডিও হতে পারে সবচেয়ে বড় অদৃশ্য হুমকি।

ন্যায়ভিত্তিক রাষ্ট্রগঠনই জামায়াতে

তিনি আদর্শনগর ইউনিয়নে সাধারণ ভোটারদের নিয়ে বেপারি বাড়িতে উঠান বৈঠকে ও পরে আন্ধার মানিক ইউনিয়নের ১নং ওয়ার্ডে সাহান মাষ্টার বাড়িতে নারী ভোটারের অংশগ্রহণে একটি উঠান বৈঠকে এবং রাতে একই ইউনিয়নের সরদার বাড়িতে উঠান বৈঠকে বক্তব্য রাখেন। এছাড়াও আন্ধারমানিক ও আদর্শ নগর ইউনিয়নের বিভিন্ন হাটবাজার ও জনবহুল এলাকায় সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজখবর নেন। প্রচারণাকালে তিনি ভোটারদের খোঁজখবর নেন, এলাকার সমস্যা ও প্রত্যাশার কথা শোনেন এবং ন্যায়ভিত্তিক, দুর্নীতিমুক্ত ও জনকল্যাণমুখী রাজনীতি প্রতিষ্ঠার অঙ্গীকার ব্যক্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ নাগরিক পার্টি (এনসিপি) বরিশাল জেলা সভাপতি মোঃ আবু সাঈদ মুসা, জামায়াতের ঢাকা মহানগরী দক্ষিণের মজলিশে শুরা সদস্য সগির বিন সাঈদ, বরিশাল মহানগরী কর্মপরিষদ সদস্য মোঃ শামীম কবির, কাজিরহাট থানা আমীর মাওলানা আবুল হোসাইন , থানা সেক্রেটারী কাজী লুৎফর রহমান , শ্রমিক কল্যাণ ফেডারেশনের কাজীরহাট থানা সভাপতি মাওলানা রুহুল আমিন, আন্ধারমানিক ইউনিয়ন জামায়াতের আমীর শহীদুল ইসলাম প্রমুখ। পুরো কর্মসূচি জুড়ে স্থানীয় মুরব্বি, যুবক, শ্রমজীবী মানুষ ও নারী ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ্য করা যায়।

গৌরনদী নসিমন চাঁপায়

তুরফা গুরুত্বর আহত হয়। স্থানীয়রা মুমূর্ষ অবস্থায় তাকে (তুরফা) উদ্ধার করে উপজেলা হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। গৌরনদী মডেল থানার ওসি মো. তারিক হাসান রাসেল জানিয়েছেন, বিষয়টি আমার জানা নেই। এব্যাপারে খোঁজখবর নিয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

তানযীমুল উম্মাহ মাদরাসার

ড. মোঃ আবু বকর সিদ্দিক। প্রধান অতিথি বক্তব্যের মাদরাসার শিক্ষার্থীদের শিক্ষায় আরো এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন মাদরাসার শিক্ষার্থীরা এখন আর পিছিয়ে নেই। দেশপ্রেম, জাতীয়-আন্তর্জাতিক ক্ষেত্রে তাদের অবদান স্বীকৃত। বক্তব্যে তিনি জাতীয় বীর শহীদ শরীফ ওসমান হাদীর কথা স্মরণ করেন। বিশেষ অতিথির বক্তব্যে শহীদ ওসমান হাদীর বড় ভাই ড. আবুবকর সিদ্দিক মাদরাসা শিক্ষার্থীদের দ্বীন ও দুনিয়া উভয় জ্ঞান অর্জনের গুরুত্বারোপ করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে তানযীম শিল্পীদের পরিবেশনায় দলীয় সংগীত আর প্রতিযোগিতামূলক বিভিন্ন ক্রীড়া প্রদর্শনী শেষে আয়োজনের সম্মানিত সভাপতি তানযীমুল উম্মাহ হিফয মাদরাসার প্রিন্সিপাল মাওলানা মিজানুর রহমান খান শিক্ষার্থী, অভিভাবক এবং সকলকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

তারেক রহমান ছাড়া কোনো

তাহলে দেশে নৈরাজ্য সৃষ্টি হবে। এই নৈরাজ্য থেকে দেশকে রক্ষা করতে পারে একমাত্র দেশ নায়ক তারেক রহমান। তিনি আরও বলেছেন, দেশমাতা বেগম খালেদা জিয়ার অনুপস্থিতিতে তারেক রহমান ছাড়া আমাদের আর কোন ভবিষ্যত নাই। আমি সর্বস্তরের ভোটারদের বলবো, যারা কোনদিন ধানের শীষে ভোট দেননি, এমনসব ভোটারদের অনুরোধ করবো আগামী নির্বাচন ধানের শীর্ষে ভোট দেয়ার জন্য। আপনাদের ভোট যাতে কোন ভাবেই নষ্ট না হয়। দেশে নৈরাজ্য সৃষ্টি হলে বেশী ক্ষতিগ্রস্ত হবে অমুসলিম ভাইয়েরা। ধানের শীষ বিজয়ী হলে প্রতিহিংসামুক্ত সরকার কায়েম হবে। শনিবার (৩১ জানুয়ারি) বরিশালের গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের বিভিন্ন এলাকায় গণসংযোগ শেষে অনুষ্ঠিত পথসভায় ধানের শীষ মার্কার প্রার্থী জহির উদ্দিন স্বপন আরো বলেছেন, বিএনপি ক্ষমতায় গেলে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড প্রদানের পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠিকে সাবলম্বী করা হবে। আমরা নারী ও কৃষি বান্ধব সরকার গঠনের পর শিক্ষিত বেকার তরুন-তরুনীদের কর্মসংস্থান প্রদানের উপযোগী গড়ে তুলতে চাই। যাতে তারা কর্মজীবি হতে পারে। যারা প্রবাসে যেতে চায়, তাদেরকে দক্ষ জনবলে রুপান্তরিত করে বিদেশে পাঠাবো। ভবিষ্যতের সরকার প্রতিহিংসা আর কান্নাকাটির সরকার হবেনা। ভবিষ্যতের সরকার হবে জনগনের কল্যানকামী একটি সরকার। যার নেতা হবেন দেশ নায়ক তারেক রহমান। এসময় বিএনপি ও তার সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মীসহ সর্বস্তরের ভোটাররা উপস্থিত ছিলেন।

ধানের শীষ এবং গণভোটে ‘হ্যাঁ’ দিয়ে

বিকেলে উপজেলার কালমা ইউনিয়নের ডাওরীর হাট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মেজর হাফিজ বলেন, নির্বাচিত সরকার ছাড়া সংবিধান সংশোধনের ক্ষমতা কারো নেই। তিনি বলেন, বিএনপি ক্ষমতায় গেলে দেশে সুশাসন ফিরে আসবে, ইমাম-মুয়াজ্জিনদের ভাতা দেয়ার ব্যবস্থা করা হবে। তারেক রহমানের নেতৃত্বে আগামীর বাংলাদেশ একটি শান্তিপূর্ণ দেশে পরিনত হবে। কালমা ইউনিয়ন বিএনপির সভাপতি মো: মোতাহার হোসেনের সভাপতিত্বে এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি মো: জাফর ইকবাল, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম বাবুল, লালমোহন পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও কালমা ইউনিয়ন নির্বাচনী সমন্বয়ক মো: জহিরুল ইসলাম সুমন, ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো: মেহেদী হাসান সুজন। কালমা ইউনিয়ন দক্ষিণ যুবদলের আহবায়ক মো: কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক মো: কামাল হোসেন লাভলুসহ বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

ভোলায় সাবমেরিন ক্যাবল

নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। শুক্রবার ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে যুক্ত হয়ে তিনি বরিশাল জেলার হিজলা উপজেলার হিজলা লঞ্চঘাট, বরিশাল সদর উপজেলার লাহারহাট লঞ্চঘাট, ভোলা জেলার ইলিশা লঞ্চঘাট এবং মনপুরা উপজেলার রাম নেওয়াজ লঞ্চঘাট-২ এর নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এছাড়া তিনি বরিশাল জেলার হিজলা উপজেলার মৌলভীরহাট লঞ্চঘাট, নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার নলচিরা ফেরিঘাট এবং চেয়ারম্যান ঘাট ফেরিঘাট উদ্বোধন করেন। উপদেষ্টা বিশ্বব্যাংকের অর্থায়নে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর বাস্তবায়নাধীন বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌপরিবহন প্রকল্প-১ (বিআরডব্লিউটিপি-১) এর আওতায় বিভিন্ন অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে এসব উদ্বোধন করেন। এ সময় নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব ড. নূরুন্নাহার চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিআইডব্লিউটিএ’র চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল আরিফ আহমেদ মোস্তফাসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। উদ্বোধনের পর এক বক্তৃতায় উপদেষ্টা বলেন, উপকূলীয় ও দুর্গম অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়নে নিরাপদ, টেকসই ও নিরবচ্ছিন্ন নৌযোগাযোগ ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিআরডব্লিউটিপি-১ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে এসব এলাকার জনগণের যাতায়াত আরও সহজ, নিরাপদ ও সময়সাশ্রয়ী হবে। পাশাপাশি নৌপথের নাব্যতা রক্ষা ও আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এ প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাংলাদেশ ইস্যুর রেশ না কাটতেই

শিকার। এবার বাংলাদেশ ইস্যুর রেশ কাটতে না কাটতেই টি-২০ বিশ্বকাপকে সামনে রেখে নতুন বিতর্কে জড়িয়েছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। এবারে খেলোয়াড়দের নাম, ছবি ও পরিচিতি ব্যবহারের অধিকার (নেম, ইমেজ অ্যান্ড লাইকলি এনআইএল) সংক্রান্ত ‘স্কোয়াড অংশগ্রহণ শর্ত’ নিয়ে আইসিসির সঙ্গে মুখোমুখি অবস্থানে বিশ্ব ক্রিকেটার্স অ্যাসোসিয়েশন (ডব্লিউসিএ)। এসপিএনক্রিকইনফোর এক প্রতিবেদনে বলা হয়েছে, ডব্লিউসিএর অভিযোগ আইসিসি খেলোয়াড়দের কাছে যে ‘স্কোয়াড অংশগ্রহণ শর্ত’ পাঠিয়েছে, তা ২০২৪ সালে দুই পক্ষের মধ্যে স্বাক্ষরিত চুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। বরং নতুন সংস্করণটি আগের চুক্তির তুলনায় বেশি ‘শোষণমূলক’। এ বিষয়ে ডব্লিউসিএ আইসিসিকে লিখিতভাবে জানালেও বৈশ্বিক ক্রিকেট সংস্থাটি এ অভিযোগ মানতে নারাজ। আইসিসির দাবি, ২০২৪ সালের চুক্তিটি কেবল আটটি সদস্য বোর্ডের ক্ষেত্রে প্রযোজ্য ছিল এবং আসন্ন বিশ্বকাপে অংশ নেওয়া অন্য দলগুলোর জন্য তা বাধ্যতামূলক নয়। এর জবাবে ডব্লিউসিএ জানিয়েছে, ২০২৪ সালের চুক্তিতে স্পষ্টভাবে বলা ছিল সংস্থাটির সঙ্গে যুক্ত সব খেলোয়াড়ের জন্যই এটি প্রযোজ্য, তারা বিশ্বকাপে অংশ নিক বা না নিক। সে কারণে সব খেলোয়াড়ই ওই চুক্তির সুরক্ষা পাওয়ার কথা বলে মনে করছে খেলোয়াড়দের সংগঠনটি। ডব্লিউসিএর প্রধান নির্বাহী টম মোফাট জানান, দুই সংস্করণের মধ্যে একাধিক মৌলিক পার্থক্য রয়েছে। এর মধ্যে রয়েছে মিডিয়া ও কনটেন্টে অংশগ্রহণ, পর্দার আড়ালের কনটেন্ট, ড্রেসিংরুমে প্রবেশাধিকার, খেলোয়াড়-সংক্রান্ত জৈবিক তথ্য, লাইসেন্সিং, নাম-ছবি-পরিচিতি (এনআইএল), খেলোয়াড় চুক্তি ও বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া। ডব্লিউসিএর মতে, ২০২৪ সালের চুক্তিতে এসব বিষয়ে সিদ্ধান্ত নেওয়া ও আলোচনার অধিকার খেলোয়াড়দের হাতে থাকলেও নতুন সংস্করণে সেই ক্ষমতা ক্রিকেট বোর্ডগুলোর হাতে দেওয়া হচ্ছে। মোফাট বলেন, ‘আইসিসি যে শর্ত দিচ্ছে, তা খেলোয়াড়দের অধিকার ও সুরক্ষাকে উল্লেখযোগ্যভাবে ক্ষুণ্ন করছে। বিশেষ করে ছবি ও বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে।’ তিনি আরও যোগ করেন, ‘সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো এই বিশ্বকাপে অংশ নেওয়া সবচেয়ে দুর্বল ও কম পারিশ্রমিক পাওয়া খেলোয়াড়দের আলাদা ও কঠোর শর্তে খেলতে বাধ্য করা হচ্ছে। অনেক খেলোয়াড়ের জন্য আইসিসি ইভেন্টে অংশগ্রহণই আয়ের প্রধান উৎস ও ক্যারিয়ার এগিয়ে নেওয়ার বড় সুযোগ।’ ডব্লিউসিএ প্রধান নির্বাহী আরও বলেন, ‘আমরা ক্রিকেট ও আইসিসি ইভেন্টগুলোর বিকাশে বিশ্বাস করি। তবে সেই উন্নয়ন খেলোয়াড়দের অংশীদার করে হওয়া উচিত, তাদের ক্ষতির বিনিময়ে নয়। সংশ্লিষ্ট খেলোয়াড়রা ইতোমধ্যে ২০২৪ সালের চুক্তি অনুযায়ী স্কোয়াড শর্তে স্বাক্ষর করেছেন। আমাদের প্রত্যাশা, টি-টোয়েন্টি বিশ্বকাপে আইসিসি সেই চুক্তিকেই সম্মান করবে।’

পাকিস্তানে দফায় দফায় হামলা

৮৮ জনে। এসব অভিযানে নিরাপত্তা বাহিনী ও পুলিশের ১০ সদস্যও নিহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির নিরাপত্তা সূত্র ও রাষ্ট্রীয় গণমাধ্যম। শনিবার পাকিস্তানি সংবাদমাধ্যম ডন জানায়, বেলুচিস্তানের ১২টি স্থানে একযোগে হামলার চেষ্টা চালায় ‘ফিতনা আল হিন্দুস্তান’ নামে চিহ্নিত একটি গোষ্ঠী। তবে সময়োচিত ও কার্যকর অভিযানের মাধ্যমে সব হামলা প্রতিহত করা সম্ভব হয়। নিরাপত্তা সূত্র জানায়, এসব অভিযানে জড়িত ৩৭ সন্ত্রাসীকে হত্যা করা হয়েছে। পাকিস্তান বেলুচিস্তানভিত্তিক বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীগুলোকে ‘ফিতনা আল হিন্দুস্তান’ নামে অভিহিত করে থাকে। ইসলামাবাদের দাবি, পাকিস্তানে সন্ত্রাসবাদ ও অস্থিতিশীলতা তৈরিতে ভারতের মদতে এসব গোষ্ঠী কাজ করে থাকে। রেডিও পাকিস্তান জানিয়েছে, বিভিন্ন এলাকায় সন্ত্রাসীদের বিরুদ্ধে নিরাপত্তা বাহিনীর অভিযান এখনো চলছে। চলমান অভিযানে আরও সন্ত্রাসী হতাহতের খবর এবং স্থাপনার ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যাচ্ছে বলে জানানো হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় বেলুচিস্তানের মুখ্যমন্ত্রী সরফরাজ বুগতি জানান, গত দুইদিনে প্রদেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা বাহিনী অন্তত ৭০ সন্ত্রাসীকে হত্যা করেছে। তিনি বলেন, ‘মনোবল ভেঙে পড়ায় সন্ত্রাসীরা সকালে একাধিক স্থানে হামলার চেষ্টা চালায়। তবে বেলুচিস্তান পুলিশের সাহসী সদস্য ও ফ্রন্টিয়ার কোরের (এফসি) সদস্যরা যৌথভাবে এসব হামলা প্রতিহত করছে এবং এখন পর্যন্ত আরও ৩৭ সন্ত্রাসী নিহত হয়েছে।’ ডনের প্রতিবেদনে বলা হয়েছে, হামলার কারণে কোয়েটা, সিবি ও চামানে মোবাইল ইন্টারনেট সেবা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। তবে মোবাইল কল সেবা সচল রয়েছে। হামলার ঘটনায় আহতদের চিকিৎসার জন্য বেলুচিস্তানের সব সরকারি হাসপাতালে জরুরি অবস্থা জারি করা হয়েছে। কোয়েটা ট্রমা সেন্টার ও কোয়েটা সিভিল হাসপাতালের অপারেশন থিয়েটারগুলো প্রস্তুত রাখা হয়েছে এবং অতিরিক্ত চিকিৎসক মোতায়েন করা হয়েছে। এদিকে বেলুচিস্তানের নাসিরাবাদ জেলায় রেললাইনের ওপর সন্দেহজনক বিস্ফোরক উদ্ধারের খবর দিয়েছে পুলিশ। নাসিরাবাদের পুলিশ সুপার আসাদুল্লাহ নাসির জানান, রাবি পুল এলাকার কাছে রেললাইনে একটি অ্যান্টি-ট্যাংক মাইন ও বিস্ফোরক সামগ্রী পাওয়া গেছে। রেললাইন পাকিস্তানে সন্ত্রাসীদের একটি নিয়মিত লক্ষ্যবস্তু। গত এক বছর জাফর এক্সপ্রেস ট্রেন একাধিকবার হামলার শিকার হয়েছে। সর্বশেষ গত সোমবার রাতে সিন্ধু থেকে বেলুচিস্তানগামী রেলপথে বিস্ফোরণে কোয়েটাগামী জাফর এক্সপ্রেসের চারটি বগি লাইনচ্যুত হয়। বেলুচিস্তানে নিরাপত্তা বাহিনীর ওপর হামলায় দীর্ঘদিন ধরেই সক্রিয় নিষিদ্ধ বেলুচ লিবারেশন আর্মি (বিএলএ)। ২০২৫ সালের আগস্টে যুক্তরাষ্ট্র এই সংগঠন ও তাদের মাজিদ ব্রিগেডকে বিদেশি সন্ত্রাসী সংগঠন হিসেবে ঘোষণা করে। ইসলামাবাদভিত্তিক পাকিস্তান ইনস্টিটিউট ফর পিস স্টাডিজের তথ্য অনুযায়ী, ২০২৫ সালে পাকিস্তানে সন্ত্রাসী হামলা আগের বছরের তুলনায় ৩৪ শতাংশ বেড়েছে এবং সন্ত্রাসসংক্রান্ত মৃত্যুর সংখ্যা বেড়েছে ২১ শতাংশ। ওই বছরে দেশজুড়ে মোট ৬৯৯টি সন্ত্রাসী হামলার ঘটনা নথিভুক্ত হয়।

মুলাদী পৌরসভায় নারী ভোটারদের

বিএনপির যুগ্ম-আহবায়ক মশিউর রহমান মাসুদ, উপজেলা মহিলাদল সভাপতি ইসরাত জাহান লিলি, উপজেলা স্বেচ্ছাসেবকদল সাবেক আহবায়ক ইকবাল হোসেন সিকদার, উপজেলা স্বেচ্ছাসেবকদল সদস্য সচিব আবু জাহীদ মোল্লা, ১নং ওয়ার্ড বিএনপি নেতা নাসির উদ্দিন মুন্সি, রুবেল সরদার, ২নং ওয়ার্ড বিএনপি নেতা নাসির উদ্দিন হাওলাদার। উঠান বৈঠকে শত শত নারী ভোটার উপস্থিত হন। উঠান বৈঠকে ভার্চুয়াল বক্তব্য রাখেন, মুলাদী-হিজলার সাবেক চার চার বারের এমপি আলহাজ্ব মোশাররফ হোসেন মঙ্গু।

এক মাস পর উৎপাদনে

কাজের জন্য প্রথম ইউনিটের বিদ্যুৎ উৎপাদন বন্ধ রাখা হয়। বর্তমানে বিদ্যুৎকেন্দ্রটির দুটি ইউনিট থেকেই পূর্ণ সক্ষমতায় মোট ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা হচ্ছে। বিদ্যুৎ উৎপাদন পুনরায় শুরু হওয়ায় জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি আরও স্থিতিশীল হবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।

বাড়ি ছেড়ে গেছেন স্ত্রী, অভিমানে

উদ্ধার করা হয়। তিনি একই ইউনিয়নের রজপাড়া গ্রামের নজরুল ইসলামের ছেলে। নিহত যুবক পেশায় একজন রাজমিস্ত্রী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় এক বছর আগে প্রেমের সম্পর্কের মাধ্যমে ইটবাড়িয়া গ্রামের নাহিদা আক্তারের সঙ্গে বায়জিদের বিয়ে হয়। দাম্পত্য জীবনের শুরু থেকেই নানা বিষয়ে কলহ চলছিল। এরমধ্যেই শুক্রবার (৩০ জানুয়ারি) হঠাৎ করেই স্ত্রী নাহিদা আক্তার নিখোঁজ হন। এ ঘটনায় মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন স্বামী বায়জিদ। এ ঘটনায় কলাপাড়া থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন তিনি। পরে আজ দুপুরে বায়জিদ তার মায়ের সঙ্গে বাড়িতে অবস্থান করছিলেন। একপর্যায়ে মায়ের অজান্তে নিজ কক্ষে গিয়ে ফ্যানের সঙ্গে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। নিহতের পরিবার ও স্থানীয়দের অভিযোগ, স্ত্রীর পরকীয়া সম্পর্ক এবং অন্য একজনের সঙ্গে পালিয়ে যাওয়ার বিষয়টি জানতে পেরে মানসিক যন্ত্রণায় ভুগছিলেন বায়জিদ। অভিমান ও হতাশা থেকেই তিনি এমন সিদ্ধান্ত নিতে পারেন বলে ধারণা তাদের। কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল ইসলাম বলেন, ‘খবর পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে আত্মহত্যা বলে ধারণা করছি। ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে। তদন্ত শেষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

ব্যক্তি জীবনে ইসলামের পূর্ণাঙ্গ

দরবার শরীফ সূচনা লগ্ন থেকেই বাংলার বুকে নানামুখী ইসলামের খেদমত করে আসছে যেটা সন্দেহাতীতভাবে স্বীকৃত। প্রতিটি শিক্ষাঙ্গনে দ্বীন ইসলাম কে পূর্ণাঙ্গ রূপে চর্চার জন্য বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ এর পতাকাতলে সপ্তমূলনীতির আলোকে দৃঢ়তার সাথে দাওয়াতী কার্যক্রম চালিয়ে যেতে হবে। দেশের প্রত্যন্ত অঞ্চলে প্রতিটি জেলা, উপজেলা, ইউনিয়ন এমনকি মহল্লা পর্যায়ে বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ এর দাওয়াত নিয়ে আহলে সুন্নত ওয়াল জামাতের আকিদার প্রচারণায় নানামুখি কার্যক্রম পরিচালনা করতে হবে। বর্তমান ফিতনার যুগে ভবিষ্যৎ প্রজন্মকে নৈতিক ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য আমাদেরকে সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ করে বাস্তবায়ন করতে হবে। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহর উপদেষ্টা সভাপতি আলহাজ্ব হযরত মাওলানা শাহ্ আবু বকর মোহাম্মদ ছালেহ নেছারুল্লাহ। অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন- বাংলাদেশ জমইয়াতে হিযবুল্লাহ, যুব হিযবুল্লাহ ও ছাত্র হিযবুল্লাহর বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

হিজলায় দাঁড়িপাল্লার সমর্থকদের

স্থানে পৃথক পৃথক গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও উপজেলার সকল ইউনিয়নে দাঁড়িপাল্লার প্রার্থীর পক্ষে গণসংযোগ করেন স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগকালে নেতৃবৃন্দ ভোটারদের উদ্দেশে আগামী নির্বাচনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে দূর্নীতি মুক্ত, ন্যায় ও ইনসাফ ভীত্তিক দেশ গঠনে ও এলাকার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে দাড়িপাল্লায় ভোট দেওয়ার আহ্বান জানান। সকল কর্মসূচিতে স্থানীয় ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও ব্যাপক সাড়া লক্ষ্য করা গেছে।

নির্বাচিত হলে প্রথমেই গ্রামভিত্তিক

এবং প্রতিটি ইউনিয়নের রাস্তাঘাট উন্নয়নে উদ্যোগ নেব।” তিনি আরও বলেন, “আমার রাজনীতি ক্ষমতার জন্য নয়, মানুষের কল্যাণের জন্য। দুর্নীতি ও স্বজনপ্রীতির রাজনীতি বন্ধ করে স্বচ্ছতা ও জবাবদিহিমূলক প্রশাসন প্রতিষ্ঠা করতে হবে। জনগণের টাকায় কোনো লুটপাট হতে দেব না।” শনিবার (৩১ জানুয়ারি) বিকালে পটুয়াখালীর বাউফল উপজেলার দাশপাড়া ইউনিয়নের খেজুরবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে ১১ দলের উদ্যোগে আয়োজিত দাঁড়িপাল্লা মার্কার সমাবেশে প্রার্থী ড. শফিকুল ইসলাম মাসুদ এ কথা বলেন। যুবসমাজের প্রসঙ্গে তিনি বলেন,“তরুণরাই আগামী দিনের বাংলাদেশ। তাদের মাদক ও অপরাধ থেকে দূরে রেখে কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল করে তুলতে চাই। বাউফলের প্রতিটি তরুণের হাতে কাজ তুলে দেওয়াই আমার লক্ষ্য।” তিন আরও বলেন,” ধর্মীয় ও নৈতিক মূল্যবোধভিত্তিক নেতৃত্ব ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়।” তিনি সবাইকে বিভেদ ভুলে এলাকার উন্নয়নে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। ড. শফিকুল ইসলাম মাসুদ তার বক্তব্যে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি মানবসম্পদকে সম্পদ পরিণত করারসহ শিক্ষা ও স্বাস্থ্যখাতকে অগ্রাধিকার দিয়ে দীর্ঘমেয়াদি উন্নয়নের একটি বাস্তবসম্মত রূপরেখা উপস্থাপন করেন। একই সঙ্গে দুর্নীতিবিরোধী অবস্থান ও স্বচ্ছ রাজনীতির প্রতিশ্রুতি দিয়ে তিনি প্রচলিত রাজনৈতিক ধারার বাইরে একটি বিকল্প নেতৃত্বের ইঙ্গিত দেন। তাঁর বক্তব্যে যুবসমাজকে কেন্দ্র করে কর্মসংস্থান সৃষ্টির যে পরিকল্পনার কথা তুলে ধরেন। তিনি ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের কথা তুলে ধরেন। জনসভায় বিপুল সংখ্যক নারী- পুরুষের উপস্থিতি লক্ষ্য করা গেছে।

নগরীর লুৎফর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় -কীর্তনখোলা

অক্সফোর্ড মিশন প্রাইমারি স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন মহানগর বিএনপির সাবেক সদস্য সচিব অ্যাড. মীর জাহিদুল কবির জাহিদ ও জেলা যুবদলের সাধারণ সম্পাদক এইচ এম তছলিম উদ্দিনসহ অতিথিবৃন্দ -কীর্তনখোলা

কাউনিয়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৯ম বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নুসরাত জাহান এথিনা -কীর্তনখোলা

ধানের শীষের নির্বাচনী প্রচারণা করেন বরিশাল জেলা বাস মালিক গ্রুপ ও জেলা সড়ক শ্রমিক ইউনিয়ন এর নেতৃবৃন্দ -কীর্তনখোলা

পিরোজপুরে শিক্ষা সফরের বাসে জয় বাংলা স্লোগান, ভিডিও ভাইরাল

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীদের বার্ষিক শিক্ষা সফরের সময় বাসে একদল শিক্ষার্থীর সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জয় বাংলা স্লোগান দেওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। গত ২৮ জানুয়ারি শিক্ষা সফরে শিক্ষার্থীরা নিজেরাই এই ভিডিও করে। পরে শুক্রবার সকাল থেকে ফেসবুকে ছড়িয়ে পড়ে। বিশেষ করে বিগত সময়ে ক্ষমতায় থাকা নিষিদ্ধ আওয়ামী লীগসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা এ ভিডিও পোস্ট করেন। মুহূর্তেই ভাইরাল হয় ভিডিওটি। নিষিদ্ধ আওয়ামী লীগের ওই নেতাকর্মীরা শিক্ষার্থীদের সাধুবাদ জানিয়ে ফেসবুকে পোস্ট করেন। অপরদিকে এ ভিডিও নিয়ে ব্যাপক সমালোচনা করে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেছে জুলাই আন্দোলনের পক্ষের লোকজন। জানা গেছে, বুধবার (২৮ জানুয়ারি) সাতক্ষীরার মন্টু মিয়ার বাগানবাড়িতে শিক্ষা সফরে যায় পিরোজপুর সরকারি মহিলা কলেজের শিক্ষার্থীরা। যাওয়ার সময় বাসে শিক্ষার্থীদের একটি অংশ জয় বাংলা ও শেখ হাসিনার নাম উল্লেখ করে স্লোগান দিয়ে গানের সুরে উচ্ছ্বাস প্রকাশ করে তারা নিজেরাই এ ভিডিও ধারণ করে। এরপর শুক্রবার সকাল থেকে এ ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ঘটনায় কলেজ কর্তৃপক্ষকে দায়ী করছে অভিভাবকরা। তাদের দাবি বিগত সময় ও বর্তমান সময়ে এ শিক্ষাপ্রতিষ্ঠানটির দায়িত্বে থাকারা অতিরিক্ত রাজনৈতিক সংশ্লিষ্টতা দেখিয়েছে। যার ফলে নেতিবাচক প্রভাব পড়েছে প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থায়। নানা সময় শিক্ষার্থীদের ব্যবহার করা হয়েছে রাজনৈতিক কর্মসূচিতে। দেশে রাজনৈতিক পরিস্থিতি পরিবর্তনের পরে এ অবস্থার পরিবর্তন হয়নি। দেখা গেছে আরও বেশি রাজনৈতিক সংশ্লিষ্টতা। কলেজ কর্তৃপক্ষ নিজেরাই আয়োজন করেছে নানা কর্মসূচি। এসব কর্মসূচি রাজনৈতিক উদ্দেশ্যমূলক। এসব কারণে অভিভাবকদের মধ্যে রয়েছে হতাশা। তবে তাদের দাবি, আমাদের পক্ষে এ বিষয় শক্ত অবস্থান নিয়ে অভিযোগ করার সুযোগ কোথায়? তবে আমরা এটা চাই না। আমরা সন্তানদের লেখাপড়া করতে পাঠাই। এ বিষয়ে পিরোজপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর শেখ রফিকুল ইসলামের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তার ব্যবহৃত মুঠোফোনটি বন্ধ পাওয়া গেছে।

ভোলায় জামায়াত প্রার্থীকে হুমকি, বিএনপি নেতাকে শোকজ

ভোলা প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে নির্বাচনের দুই দিন আগে জামায়াতে ইসলামী প্রার্থীকে এলাকাছাড়া করার হুমকি দেওয়া বিএনপি নেতা খাইরুল ইসলাম সোহেলকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটি। মো. খাইরুল ইসলাম সোহেল চরফ্যাশন পৌরসভা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক। গতকাল শুক্রবার (৩০ জানুয়ারি) দিবাগত রাতে ভোলা-৪ আসনের নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটি এবং সিভিল জজ মো. রাকিব মাহমুদ এ নোটিশ প্রদান করেন। এর আগে শুক্রবার সকাল থেকেই জামায়াতে ইসলামীর প্রার্থীকে নির্বাচনে বেশি বাড়াবাড়ি করলে নির্বাচনের দুই দিন আগে এলাকাছাড়া করার হুমকির একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি নিয়ে সমালোচনা সৃষ্টি হয়। পরে এ বিষয়ে জামায়াতে ইসলামীর প্রার্থী মো. মোস্তফা কামাল নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটির নিকট লিখিত অভিযোগ দেন। নির্বাচনী অনুসন্ধান ও বিচারিক কমিটির দেওয়া কারণ দর্শানোর নোটিশে উল্লেখ করা হয়, গত ২৯ জানুয়ারি চরফ্যাশন পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডে ছাত্তার মিয়ার বাড়ির উঠান বৈঠকে বিএনপি নেতা খাইরুল ইসলাম সোহেল ধানের শীষ প্রতীকের প্রার্থীর পক্ষে বক্তব্য প্রদানকালে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থীর নাম উল্লেখ করে বলেন ‘উনি যদি নির্বাচনে বেশি বাড়াবাড়ি করেন তবে নির্বাচনের দুই দিন আগে উক্ত প্রার্থীকে চরফ্যাশনে রাখবেন না’ বলে হুমকি প্রদান করেন। সামাজিক যোগাযোগ মাধ্যম হতে প্রাপ্ত উক্ত উঠান বৈঠকের ভিডিও ফুটেজ বিশ্লেষণ করলে তার উক্ত বক্তব্যের সত্যতা পাওয়া যায়। ঘটনাটি সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫ (ক) ভঙ্গ বলে প্রতীয়মান হয়। এ অভিযোগের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশনকে সুপারিশ করা হবে না, তার লিখিত বা মৌখিক ব্যাখ্যা আগামী ০৩ ফেব্রুয়ারি মঙ্গলবার বিকেল ৩টার মধ্যে বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত, চরফ্যাশন চৌকি, ভোলার অস্থায়ী কার্যালয়ে স্বয়ং অথবা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে হাজির হয়ে দেওয়া জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে জামায়াতে ইসলামীর প্রার্থী মোহাম্মদ মোস্তফা কামাল জানান, তিনি বিষয়টি নির্বাচন অনুসন্ধান ও বিচারিক কমিটির কাছে লিখিত অভিযোগ করেছেন। এ ধরনের বক্তব্যে তাঁরা আতঙ্কিত এবং বিষয়টি রিটার্নিং কর্মকর্তাকেও অবহিত করা হয়েছে। এ বিষয়ে বিএনপি নেতা খায়রুল ইসলাম সোহেল জানান, তিনি এখনো নোটিশ হাতে পাননি। তবে তিনি দাবি করেন জামায়াতে ইসলামীর প্রার্থী রাজনৈতিক মাঠে দেওয়া তার বক্তব্যকে ভিন্নভাবে উপস্থাপন করে অভিযোগ দিয়েছেন।

জাতীয় সংসদ নির্বাচনে মারণাস্ত্র ব্যবহার করবে না বিজিবি

কীর্তনখোলা ডেস্ক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে আইনশৃঙ্খলা রক্ষায় লেথাল ওয়েপন (মারণাস্ত্র) ব্যবহার করবে না বলে জানিয়েছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ঢাকা সেক্টর কমান্ডার কর্নেল এস এম আবুল এহসান। শনিবার (৩১ জানুয়ারি) বেলা সাড়ে ১১টায় মিরপুর জাতীয় সুইমিং কমপ্লেক্সের অস্থায়ী বেস ক্যাম্পে সংবাদ সম্মেলনে তিনি এই তথ্য জানান। তিনি বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দেশব্যাপী বিস্তৃত প্রস্তুতি গ্রহণ করেছে। ভোটাররা যেন নিরাপদ ও নির্বিঘ্ন পরিবেশে ভোটকেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সে লক্ষ্য সামনে রেখেই এই প্রস্তুতি নেওয়া হয়েছে। দেশের ৪,৪২৭ কিলোমিটার সীমান্ত সম্পূর্ণ সুরক্ষিত রেখেই সারা দেশে ৩৭ হাজারেরও অধিক বিজিবি সদস্য মোতায়েন থাকবে। দেশের ৪৯৫টি উপজেলার মধ্যে ৪৮৯টি উপজেলায় বিজিবি নির্বাচনী দায়িত্ব পালন করবে। পাশাপাশি সীমান্তবর্তী ৬১টি উপজেলায় বিজিবি এককভাবে নির্বাচনী দায়িত্ব পালন করবে। ঝুঁকি বিবেচনায় সারাদেশের ৩০০টি সংসদীয় আসনেই বিজিবি মোবাইল ও স্ট্যাটিক ফোর্স হিসেবে দায়িত্বে থাকবে। উপজেলাভেদে ২ থেকে ৪ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন থাকার কথা রয়েছে। তিনি আরও জানান, নির্বাচনকালীন যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবিলায় বিজিবির র‌্যাপিড অ্যাকশন টিম (আরএটি) এবং হেলিকপ্টারসহ কুইক রেসপন্স ফোর্স (কিউআরএফ) প্রস্তুত থাকবে, যারা প্রয়োজন হলে দ্রুত ঘটনাস্থলে পৌঁছাতে সক্ষম হবে। পাশাপাশি নিরাপত্তা ব্যবস্থাকে আরও জোরদার করতে বিশেষায়িত কে-৯ ডগ স্কোয়াড ইউনিটও মোতায়েন থাকবে। নির্বাচনকে সামনে রেখে আপনারা মহড়া চালাচ্ছেন, নির্বাচনে আপনারা কোনো শঙ্কা দেখেন কি না- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে আবুল এহসান বলেন, নির্বাচনে এখন পর্যন্ত কোনো ধরনের শঙ্কা দেখছি না। আমাদের বিজিবি মহাপরিচালকের নির্দেশ- আমরা নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কোনো ধরনের লেথাল ওয়েপন ব্যবহার করব না। নির্বাচনে আপনাদের কোনো হটলাইন আছে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমাদের যে বেস ক্যাম্পগুলো রয়েছে সেগুলোর মোবাইল নম্বর রিটার্নিং কর্মকর্তার কাছে রয়েছে। কোনো ধরনের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে তারা আমাদের সঙ্গে যোগাযোগ করবেন। পাশাপাশি নির্বাচন কমিশনের সুরক্ষা অ্যাপ রয়েছে, সেখানেও কোনো ধরনের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে জানাতে পারবেন।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ০১ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৮ মাঘ ১৪৩২

পাকিস্তানে দফায় দফায় হামলা ১০ নিরাপত্তাকর্মীসহ নিহত ৯৮

কীর্তনখোলা ডেস্ক

পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশে দফায় দফায় সমন্বিত হামলার চেষ্টা ব্যর্থ করে শনিবার (৩১ জানুয়ারি) অন্তত ৩৭ 'সন্ত্রাসীকে' হত্যার দাবি করেছে নিরাপত্তা বাহিনী। এ নিয়ে গত ৪৮ ঘণ্টায় প্রদেশটিতে মোট নিহত 'সন্ত্রাসীর' সংখ্যা দাঁড়িয়েছে ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশ ইস্যুর রেশ না কাটতেই নতুন বিতর্কে আইসিসি

কীর্তনখোলা ডেস্ক

নিরাপত্তাজনিত কারণে বাংলাদেশ ভারতের মাটিতে গিয়ে খেলবে না, এমন সিদ্ধান্ত নেওয়ার পর টাইগারদের বিশ্বকাপ থেকেই বাদ দিয়ে দেয় আইসিসি। পরিবর্তে বিশ্বকাপে নেয় তারা স্কটল্যান্ডকে। এ নিয়ে আইসিসি তুমুল সমালোচনার ৩ এর পাতায় দেখুন

ভোলায় সাবমেরিন ক্যাবল নির্মাণে ভিত্তিপ্রস্তর স্থাপন

কীর্তনখোলা ডেস্ক

নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন ভার্চুয়ালি সংযুক্ত থেকে ভোলা জেলার মনপুরা উপজেলার ঢালচর, কাজীরচর ও কালাতলিরচর এলাকাকে জাতীয় গ্রিডের সঙ্গে সংযুক্ত করার লক্ষ্যে সাবমেরিন ক্যাবল নির্মাণ কাজের উদ্বোধন করেছেন। শনিবার এক ভার্চুয়াল বক্তব্যে উপদেষ্টা এই উদ্যোগ বাস্তবায়নের জন্য বিআরইবি'র চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, সাবমেরিন কেবল প্রকল্প বাস্তবায়নের ফলে মনপুরা উপজেলার দুর্গম চরাঞ্চলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে। এর মাধ্যমে ওই অঞ্চলের শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ও অর্থনৈতিক কর্মকাণ্ডে ৩ এর পাতায় দেখুন

ন্যায়ভিত্তিক রাষ্ট্রগঠনই জামায়াতে ইসলামীর মূল লক্ষ্য: আবদুল জব্বার

শাহেদুল ইসলাম, কাজিরহাট

বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাট) আসনে ১১ দলীয় ঐক?্যজোট (ঐক্যবদ্ধ বাংলাদেশ) সমর্থিত ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেছেন, মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাটবাসী দীর্ঘদিন ধরে অবহেলা, চাঁদাবাজি ও দখলবাজির শিকার। জনগণের ভোটে নির্বাচিত হয়ে আমি এই এলাকার মানুষের অধিকার ফিরিয়ে দিতে চাই। আমরা বৈষম্যহীন, ন্যায় ও ইনসাফভিত্তিক রাষ্ট্র গঠন করতে চাই। তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আদর্শনগর ও আন্ধারমানিক ইউনিয়নের বিভিন্ন এলাকায় উঠান বৈঠক, গণসংযোগ ও পথসভায় এসব কথা বলেন। শনিবার (৩১ জানুয়ারি) সকালে ৩ এর পাতায় দেখুন

ধানের শীষের মনোনীত প্রার্থী অ্যাড. মজিবর রহমান সরোয়ারের পক্ষে লিফলেট বিতরণ করেন সিটি মার্কেটের ব্যবসায়ী আলমগীর হোসেন সান্টু ও সেলিম -কীর্তনখোলা

গৌরনদী নসিমন চাঁপায় শিশু নিহত

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী-সরিকল আঞ্চলিক সড়কের পিঙ্গলাকাঠী হাইস্কুল সংলগ্ন এলাকায় একটি কোম্পানীর ডিলারের মালামাল বোঝাই নসিমন চাঁপার এক শিশু নিহত হয়েছে। তিন বছরের নিহত শিশু তুরফা স্থানীয় গরঙ্গল বোরাদী গ্রামের হাকিম বেপারীর মেয়ে। তথ্যের সত্যতা নিশ্চিত করে স্থানীয় ইউপি সদস্য বাবুল হোসেন ফকির জানিয়েছেন, শনিবার (৩১ জানুয়ারি) সকাল আটটার দিকে রাস্তার পাশে বসে একটি বল নিয়ে খেলা করছিলেন শিশু তুরফা। হঠাৎ করে বলটি রাস্তার ওপর চলে গেলে সেটি আনতে যায় শিশু তুরফা। এসময় সড়ক দিয়ে একটি কোম্পানীর ডিলারের মালামাল বোঝাই একটি নসিমনের ধাক্কায় শিশু ৩ এর পাতায় দেখুন

ধানের শীষ এবং গণভোটে 'হ্যাঁ' দিয়ে জয়যুক্ত করুন : মেজর হাফিজ

লালমোহন প্রতিনিধি

বিএনপি ক্ষমতায় গেলে দেশে সুশাসন ফিরে আসবে, ইমাম-মুয়াজ্জিনদের ভাতা দেয়ার ব্যবস্থা করা হবে। তারেক রহমানের নেতৃত্বে আগামীর বাংলাদেশ একটি শান্তিপূর্ণ দেশে পরিনত হবে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোলা-৩ আসনে (লালমোহন তজুমদ্দিন) ধানের শীষ প্রতীকের প্রার্থী মেজর (অব:) হাফিজ উদ্দিন আহমেদ (বীরবিক্রম) বলেছেন, ১২ ফেব্রুয়ারি আপনারা ধানের শীষ প্রতীক এবং গণভোটে 'হ্যাঁ'- এর পক্ষে ভোট দিয়ে বিজয়ী করবেন। শনিবার ৩ এর পাতায় দেখুন

হিজলায় দাঁড়িপাল্লার সমর্থকদের ব্যাপক গণসংযোগ

মোঃ আবদুল কাদের, হিজলা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনী প্রচারণায় বরিশাল-৪ (মেহেন্দিগঞ্জ-হিজলা-কাজিরহাট) আসনে ১১ দলীয় ঐক্যজোট (ঐক্যবদ্ধ বাংলাদেশ) সমর্থিত ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার এর সমর্থনে হিজলা উপজেলায় ব্যাপক গণসংযোগ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩১ জানুয়ারী) জামায়াতে ইসলামী হিজলা উপজেলা আমীর অধ্যাপক নুরুল আমিন, উপজেলা সেক্রেটারী সৈয়দ গুলজার আলম, বড়জালিয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জামায়াত নেতা শাহে আলম চৌধুরী সামু, শ্রমিক কল্যাণ ফেডারেশনের হিজলা উপজেলা সভাপতি মোঃ খলিলুর রহমান এর নেতৃত্বে উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ ৩ এর পাতায় দেখুন

নির্বাচিত হলে প্রথমেই গ্রামভিত্তিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করব: মাসুদ

বাউফল প্রতিনিধি

"দীর্ঘদিন ধরে বাউফলের মানুষ অবহেলার শিকার। শিক্ষা, স্বাস্থ্যসেবা, যোগাযোগব্যবস্থা ও কর্মসংস্থানের অভাবে এ জনপদ পিছিয়ে পড়েছে। আমি নির্বাচিত হলে প্রথমেই গ্রামভিত্তিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করব, শিক্ষাপ্রতিষ্ঠানের মানোন্নয়নে কাজ করব ৩ এর পাতায় দেখুন

তারেক রহমান ছাড়া কোনো ভবিষ্যত নাই: স্বপন

গৌরনদী প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারম্যানের উপদেষ্টা ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের বিএনপি মনোনীত ধানের শীষ মার্কার প্রার্থী সাবেক সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপন বলেছেন, আমরা যদি দেশকে একটা শৃঙ্খলার জায়গায় নিয়ে যেতে না পারি, ৩ এর পাতায় দেখুন

বাড়ি ছেড়ে গেছেন স্ত্রী, অভিমানে দুনিয়া ছাড়লেন স্বামী

কলাপাড়া প্রতিনিধি

প্রেমের সম্পর্কের পর এক বছর আগে বিবাহ বন্ধনে আবদ্ধ হন নাহিদা আক্তার ও ওমর ফারুক বায়জিদ। দাম্পত্য জীবনের শুরু থেকেই তাদের মধ্যে পারিবারিক নানা বিষয় চলছিল কলহ। এরই মাঝে গতকাল নিখোঁজ হন স্ত্রী, পরে আজ নিজ ঘরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন স্বামী। ঘটনাটি ঘটেছে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায়। আজ শনিবার (৩১ জানুয়ারি) বিকেল সাড়ে ৩টার দিকে উপজেলার টিয়াখালী ইউনিয়নের নাচনাপাড়া গ্রামের একটি ভাড়াটিয়া বসতঘর থেকে বায়জিদের মরদেহ ৩ এর পাতায় দেখুন

মুলাদী পৌরসভায় নারী ভোটারদের নিয়ে ধানের শীষের উঠান বৈঠক

মুলাদী প্রতিনিধি

বরিশাল-৩, মুলাদী-বাবুগঞ্জ আসনের বিএনপির মনোনীত প্রার্থী আলহাজ্ব এ্যাড. জয়নুল আবেদিনের ধানের শীষের পক্ষে পৌরসভার ১নং ওয়ার্ডে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৩টায় পৌরসভা বিএনপির আহবায়ক এনামুল হক ইনুর সভাপতিত্বে ও সদস্য সচিব মিজানুর রহমান হাওলাদারের সঞ্চালনায় অনুষ্ঠিত উঠান বৈঠকে বক্তব্য রাখেন, মুলাদী উপজেলা বিএনপির সদস্য সচিব কাজী কামাল হোসেন, সিনিয়র যুগ্ন-আহবায়ক অধ্যক্ষ আবিদুর রহমান হুমায়ুন, পৌরসভা বিএনপির যুগ্ন-আহবায়ক আনিসুর রহমান আলাল, স্বপন হাওলাদার, জাকির হোসেন খান, উপজেলা ৩ এর পাতায় দেখুন

ব্যক্তি জীবনে ইসলামের পূর্ণাঙ্গ চর্চা চাই: ছারছীনা পীর

কীর্তনখোলা রিপোর্ট

ছারছীনা জামে মসজিদে ৩১ জানুয়ারি, শনিবার সকাল ১০ ঘটিকায় বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ নেছারাবাদ উপজেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহর পৃষ্ঠপোষক ও ছারছীনা শরীফের হযরত পীর ছাহেব কেবলা। প্রধান অতিথি তার আলোচনায় বলেন- জাতীয় পর্যায়ে ইসলাম প্রতিষ্ঠা করতে হলে ব্যক্তি জীবনে ইসলামের পূর্ণাঙ্গ চর্চা চাই। ব্যক্তির সংশোধনের মাধ্যমে সমাজে ইসলাম প্রতিষ্ঠিত হবে এবং সমাজ সংশোধনের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে ইসলাম প্রতিষ্ঠিত হবে। দল মত নির্বিশেষে দলীয় রাজনীতির ঊর্ধ্বে থেকে ছারছীনা ৩ এর পাতায় দেখুন

এক মাস পর উৎপাদনে ফিরেছে পায়রা বিদ্যুৎকেন্দ্র

কলাপাড়া প্রতিনিধি

দীর্ঘ এক মাস বন্ধ থাকার পর পটুয়াখালীর কলাপাড়া উপজেলার পায়রা ১৩২০ মেগাওয়াট তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট (৬৬০ মেগাওয়াট) পুনরায় বিদ্যুৎ উৎপাদন শুরু করেছে। শনিবার (৩১ জানুয়ারি) সকালে পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্রের সহকারী ব্যবস্থাপক (তদন্ত) শাহ মনি জিকো গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, রক্ষণাবেক্ষণ কাজ শেষ হওয়ায় শুক্রবার বিকেল থেকে প্রথম ইউনিটের বিদ্যুৎ উৎপাদন পুনরায় চালু করা হয়েছে। এর আগে গত ১ জানুয়ারি থেকে নির্ধারিত রক্ষণাবেক্ষণ ৩ এর পাতায় দেখুন

তানযীমুল উম্মাহ মাদরাসার বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান সম্পন্ন

কীর্তনখোলা রিপোর্ট

মনমুগ্ধকর ডিসপ্লে প্রদর্শনীর মাধ্যমে পালিত হয়েছে তানযিমুল উম্মাহ বরিশাল হিফয, জেনারেল-গার্লস এবং অনাবসিক শাখার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। ৩১ শে জানুয়ারি ২৬ সকাল ৮.৩০ মিনিটে তানযীমুল উম্মাহ গার্লস মাদরাসার শাখা প্রধান হাফেজ মাওলানা ইলিয়াস হোসেনের পরিচালনায় উদ্বোধনী বক্তব্য রাখেন জেনরেল শাখার প্রিন্সিপাল মোঃ আবু তালহা। রুপাতলি হাউজিং স্টেট মাঠ প্রাঙ্গনে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত, জাতীয় সংগীত এবং পতাকা উত্তোলনের মাধ্যমে শুরু হয় এই অনুষ্ঠান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক আঞ্চলিক শিক্ষা উপ-পরিচালক মোঃ জাহাঙ্গীর হোসেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মো: আব্দুল জব্বার। এবং বাঘিয়া আলামিন কামিল মাদ্রাসার অধ্যক্ষ ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রহমানির রহীম
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
LRDM
লুৎফুর রহমান দাখিল (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত
EIIN: 137732 Code:20830
নুরানি, নাযেরা ও হিফয বিভাগসহ প্লে থেকে আলিম শ্রেণি পর্যন্ত বালক-বালিকা শাখায়
ভর্তি চলছে ২০২৬ শিক্ষাবর্ষে
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
ভর্তি পরীক্ষা: ২৭ ডিসেম্বর, শনিবার সকাল ১০ টায়
২০২৫ শিক্ষা বর্ষের দাখিল পরীক্ষার ফলাফল

শ্রেণি	মোট পরীক্ষার্থী	কৃতকার্য	A+ সংখ্যা	মেধা বৃত্তি	মন্তব্য
দাখিল	৩৭ জন	৩৭ জন	২৩ জন	০২ জন	১০০%

যোগাযোগ-
০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪
www.lrdm.edu.bd
E-mail: lutfurrahmanmodelmadrasah2003@gmail.com

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com